# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Baishakh 22, 1433 Bangla, May 05, 2026, Tuesday, No. 122, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has directed authorities concerned to simplify the project approval process to attract both local and foreign investment. [R. Today: 10]

Prime Minister has ordered to remove sacrificial animal wastes within 12 hours during Eid-ul-Azha. [Jago FM: 15]

Agriculture Minister has informed that farmers affected by recent floods in country's haor regions will get monthly financial assistance of Tk 7,500. [R. Today: 13]

Home Minister has said police's shirts of their uniform will be same as before, but khaki pants will be introduced. [BBC: 03]

Information and Broadcasting Minister has said that films are not only a source of entertainment but also a powerful medium for shaping people's thinking and consciousness. [Jago FM: 16]

State Minister for Foreign Affairs has said, whichever party comes to power in India's West Bengal state, it will not affect Dhaka-New Delhi relationship. [R. Today: 11]

17 more people have died from measles and measles-like symptoms in country. [BBC: 03]

Body of Bangladeshi student Jamil Ahmed Limon murdered in US, has been buried in Jamalpur, after arrival of the body in Bangladesh. [R. Today: 15]

More than 2,500 hectares of Boro rice land in Kishoreganj have been submerged due to continuous rains and upstream floods, farmers are facing extreme sufferings. [Jago FM: 19]

Bharatiya Janata Party, BJP has secured a resounding election victory in West Bengal. [R. Today: 15]

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ২২, বাংলা ১৪৩৩, মে ০৫, ২০২৬, মঙ্গলবার, নং- ১২২, ৫৬তম বছর**

# শিরোনাম

দেশি ও বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সহজ করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। [রে. টুডে: ১০]

আসন্ন পবিত্র ঈদুল আজহার কোরবানির বর্জ্য ১২ ঘণ্টার মধ্যে অপসারণের নির্দেশ প্রধানমন্ত্রীর। [জাগো নিউজ: ১৫]

বন্যায় ক্ষতিগ্রস্ত হাওর অঞ্চলের কৃষকদের সাড়ে ৭ হাজার টাকা করে সহায়তা দেবে সরকার, জানিয়েছেন কৃষিমন্ত্রী। [রে. টুডে: ১৩]

স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, পুলিশের খাকি রঙের প্যান্টের সাথে আগের শার্টই বহাল। [বিবিসি: ০৩]

তথ্য ও সম্প্রচারমন্ত্রী বলেছেন, চলচ্চিত্র শুধু বিনোদনের মাধ্যম নয়, বরং মানুষের দৃষ্টিভঙ্গি ও মনোজগৎ নির্মাণের একটি অত্যন্ত শক্তিশালী মাধ্যম। [জাগো নিউজ: ১৬]

ভারতের পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে ক্ষমতায় যেই আসুক, বাংলাদেশের সঙ্গে সম্পর্কে কোনো প্রভাব পড়বে না --- গণমাধ্যমকর্মীদের বললেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। [রে. টুডে: ১১]

দেশে হামের উপসর্গ নিয়ে আরো সতেরো জনের প্রাণহানি। [বিবিসি: ০৩]

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে হত্যাকাণ্ডের শিকার বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমনের মরদেহ দেশে এসে পৌঁছানোর পর দাফন সম্পন্ন। [রে. টুডে: ১৫]

টানা বৃষ্টি ও উজানের ঢলে কিশোরগঞ্জে নতুন করে আরও আড়াই হাজার হেক্টরের বেশি বোরো ধানের জমি তলিয়ে গেছে পানিতে । [জাগো নিউজ: ১৯]

পশ্চিমবঙ্গ রাজ্যের বিধানসভা নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী ভারতীয় জনতা পার্টি, বিজেপি। [রে. টুডে: ১৫]

# বিবিসি

## আগের শার্টে ফিরে যাচ্ছে পুলিশ, বদলে যাচ্ছে প্যান্টের রং

আবারও পরিবর্তন আসছে বাংলাদেশের পুলিশ বাহিনীর পোশাকে। সেক্ষেত্রে এর আগের ডার্ক গ্রিন ও গাঢ় নীল দুই ধরনের শার্ট ফিরিয়ে আনা হচ্ছে। তবে , প্যান্টের রং পরিবর্তন করে দেওয়া হবে খাকি প্যান্ট। সোমবার স চিবালয়ে একটি বৈঠক শেষে সাংবাদিকদের এই তথ্য জানান স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন , "আমরা লক্ষ্য করেছি, সারা দেশে পুলিশ বাহিনীর মধ্যে তাদের যে বিদ্যমান পোশাক আছে , এটাতে কেউ সন্তুষ্ট না। এই পোশাকটা ওয়াইডলি অ্যাক্সেপ্টেডও বা মানানসই না। সেজন্য পু লিশ বাহিনীর আবেদনের প্রেক্ষিতে আমরা বিষয়টি বিবেচনা করেছি যে, এই ড্রেসটা কীভাবে হয়।„ স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আমরা একটা ঐতিহ্যবাহী ড্রেসে যাতে দেওয়া যায় , তারও একটা অংশ বিবেচনা করেছি। আমরা আগের যে শার্ট ছিল মেট্রোর জন্য ও সারা দেশের জন্য সেটা আমরা বহাল রেখেছি, তবে প্যান্ট বা পায়জামা , সেটা আমরা খাকি ড্রেস দিয়েছি। " তিনি জানান, এই বিষয়টি নিয়ে পুলিশের সাথে বিস্তারিত আলাপ-আলোচনা করে এটা একটা গ্রহণযোগ্য পোশাক হিসেবে দেওয়া হচ্ছে। মি. আহমদ বলেন, নতুন এই পোশাক পরিধান করতে পুলিশের আর কিছুদিন সময় লাগবে। কারণ , একটা প্রস্তু তির বিষয় আছে। কাপ ড় প্রোডাকশনের বিষয় আছে। এটা এখনো আমরা অফিসিয়ালি ঘোষণা করিনি , তবে আমরা সিদ্ধান্ত দিয়েছি , আজকে ঘোষণা দিলাম।„ (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## হাম উপসর্গ নিয়ে মৃত্যু ৩০০ ছাড়ালো, একদিনে মারা গেছে ১৭ জন

গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে মারা গেছে ১৭ জন। এই বছরে একদিনে হামে আক্রান্ত হয়ে এটি সবচেয়ে বেশি মৃত্যুর সংখ্যা। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম ও সন্দেহজনক হামে মৃত্যুর সংখ্যা ৩০০ ছাড়াল। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী , হামের উপসর্গ নিয়ে মৃত্যুর সংখ্যা এখন পর্যন্ত ৩১১ জন। সোমবার স্বা স্থ্য অধিদপ্তরের বিবৃতিতে জানানো হয়, সোমবার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় আরও নিশ্চিত হামে দুইজন আর হামের উপসর্গ নিয়ে মারা গেছে ১৫ জন। তবে, এই তথ্যের মধ্যে আগের দিন মারা যাওয়া দুইজনের নাম রয়েছে , যাদের হাম উপসর্গে মৃত্যু হলেও, সেদিন তথ্য পাওয়া যায়নি। বিবৃতিতে বলা হয়, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত নিশ্চিত হামে ৫২ জন এবং সন্দেহজনক হামে মৃত্যুর সংখ্যা ২৫৯ জন। এ পর্যন্ত সারা দেশে নিশ্চিত হাম আক্রান্ত সংখ্যা ৫,৪৬৭ এবং সন্দেহজনক হাম আক্রান্তের সংখ্যা ২৮ হাজার ৪৮২ জন।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## সংরক্ষিত নারী আসনে এনসিপির নুসরাতের নামে গেজেট প্রকাশের সিদ্ধান্ত ইসির

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনে জামায়াতের বিরোধী জোটের প্রার্থী এনসিপির নুসরাত তাবাসসুমের নামে গেজেট প্রকাশের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন। সোমবার রাতে নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের কথা বিবিসি বাংলাকে জানিয়েছেন নির্বাচন কমিশনার আব্দুর রহমানেল মাছউদ। মি . মাছউদ বিবিসি বাংলাকে বলেন, "নুসরাত তাবাসসুমের নামে গেজেট প্রকাশ করতে আমরা নথিতে স্বাক্ষর করেছি। আজকের মধ্যেই গেজেট প্রকাশ হবে বলে আশা করছি।„ নির্বাচন কমিশনের এই সিদ্ধান্তের ফলে জামায়াত এনসিপি জোটের যে একটি আসন নিয়ে সংকট চলছিল , সেটির সমাধান হতে যাচ্ছে। এর আগে , এনসিপি নেত্রী মনিরা শারমিন দলীয় মনোনয়ন জমা দিলে সরকারি চাকরি ছাড়ার তিন বছর পার না হওয়ায় , ২৩ এপ্রিল বাছাইয়ে তার মনোনয়নপত্র বাতিল করেন রিটার্নিং কর্মকর্তা। এ সিদ্ধান্তের বিরুদ্ধে মিজ শারমিন ২৬ এপ্রিল ইসিতে আবেদন করলে তার আপিল খারিজ করে কমিশন। ইসির এই সিদ্ধান্তের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করেন মিজ শারমিন , যা শুনানির অপেক্ষায় আছে। এদিকে , আদালতের নির্দেশে মিজ তাবাসসুমের মনোনয়ন গ্রহণ করার পর , সেটি বাছাই করে শনিবার মনোনয়ন বৈধ ঘোষণা করেন রিটার্নিং কর্মকর্তা। এমন অবস্থায় নিজের রিটের শুনানি না হওয়ায় , রোববার মিজ শারমিন নুসরাত তাবাসসুমের নামে গেজেট প্রকাশ না করতে ইসিতে আবেদন করেন। যে কারণে নির্বাচন কমিশন একদিন অপেক্ষাও করেছিল। সোমবার রাতে নির্বাচন কমিশনার মি . মাছউদ বিবিসি বাংলাকে বলেন, "আমরা অপেক্ষা করেছিলাম। কিন্তু আদালত আমাদের কিছু জানায়নি। যে কারণে অপেক্ষার পর আজকেই শেষ বিকেলে আমরা নুসরাতের নামে গেজেট প্রকাশ করার সিদ্ধান্ত নিয়েছি।„ এর আগে, গত ৩০ এপ্রিল জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের ৪৯জনের নামে গেজেট প্রকাশের পর রোব বার রাতে তাদের শপথ পড়ান স্পিকার হাফিজ উদ্দিন আহমদ।(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## হামের টিকা আগে নেওয়া থাকলেও কি শিশুকে আবার দিতে হবে?

ঢাকার রামপুরা এলাকার ফারজানা আক্তারের দুটি সন্তানের মধ্যে বড়ো ছেলের বয়স সাত বছর, আর ছোট মেয়ের বয়স চার বছর। জন্মের পর তিনি দুটি শিশুকেই নিয়মিত সবগুলো টিকা দিয়েছেন, যার মানে হলো তারা দুই ডোজ হামের টিকাও পেয়েছে। গত মার্চ মাস থেকে সারা দেশে হামের প্রকোপ বেড়ে গেছে। প্রতিদিন হামে আক্রান্ত ও মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। হাসপাতালগুলোতে উপচে পড়ছে আক্রান্তের সংখ্যা। এরকম পরিস্থিতিতে গত ৫ এপ্রিল থেকে

দেশব্যাপী হামের টিকাদান কর্মসূচি শুরু হয়েছে। তবে, রামপুরার ফারজানা আক্তার বুঝতে পারছেন না আসলে তার দুই বাচ্চাকে আবারও টিকা দেবেন কী দেবেন না। মিজ আক্তার বিবিসি বাংলাকে বলছিলেন, "চার বছর মেয়েকে হামের দুইটি ডোজ সময়মতো দেওয়া হয়েছে। নতুন করে আবার টিকা দিলে যদি জ্বর আসে, সেই চিন্তা থেকে আরেক ডোজ টিকা দেবো কি না, সেটা নিয়ে দুশ্চিন্তা কাজ করছে।„ সরকারের পক্ষ থেকে যে টিকা কর্মসূচি শুরু হয়েছে, সেখানে বয়স নির্ধারণ করা হয়েছে ছয় মাস থেকে ৫৯ মাস বা পাঁচ বছর পর্যন্ত। এ অবস্থায় হামের টিকা নিয়ে অভিভাবকদের নানা জিজ্ঞাসাও রয়েছে। এই প্রশ্নে চিকিৎসকরা বলছেন, বর্তমানে হাম যেভাবে ছড়িয়ে পড়েছে, সে কারণে আগে দুটি ডোজ দেওয়া থাকলেও, নতুন করে আরেকটি ডোজ টিকা দেওয়া উচিত। ঢাকার মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের শিশু বিভাগের সিনিয়র কনসালটেন্ট সুব্রত রায় বিবিসি বাংলাকে বলেন, "আগে দুই ডোজ টিকা দেওয়া থাকলেও, হাম ছড়িয়ে পড়ার কারণে অনেকে ঝুঁকির মধ্যে থেকে যায়, যদি তাদের অ্যান্টিবডি সেভাবে গড়ে না ওঠে। সে কারণে বুস্টার ডোজে গুরুত্ব দেওয়া হচ্ছে।„ যে কারণে আগে দুই ডোজ টিকা দেওয়া থাকলেও, তৃতীয় বা বুস্টার ডোজ টিকা দেওয়ার ওপর জোর দিচ্ছেন চিকিৎসকরা। তবে, ক্ষেত্র বিশেষে কোনো কোনো শিশুকে এখনই যাতে হামের বুস্টার ডোজ না দেওয়ারও পরামর্শ দিয়েছেন চিকিৎসকরা।

**কোন শিশুদের টিকা দেওয়া জরুরি?**

বিশ্বের অন্যতম সংক্রামক রোগগুলোর একটি হলো হাম। চিকিৎসকদের মতে, একজন হাম আক্রান্ত ব্যক্তি ১২ থেকে ১৮ জন পর্যন্ত সংবেদনশীল ব্যক্তিকে সংক্রমিত করতে পারে। গত মার্চ মাস থেকে বাংলাদেশে হামের প্রকোপ বাড়তে থাকে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ১৫ মার্চ থেকে ২ মে পর্যন্ত হাম ও সন্দেহজনক হামে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ২৬ হাজার ৯১১ জন। আর হাম ও সন্দেহজনক হামে মৃত্যু হয়েছে ২৩৫ জনের। সারা দেশে হাম ছড়িয়ে পড়ার কারণে যে টিকাদান কর্মসূচি চলছে, তাতে শিশুদের টিকা দেওয়ার ওপর জোর দিচ্ছেন চিকিৎসকরা। তবে চিকিৎসকরা বলছেন, আগে দুই ডোজ টিকা দেওয়া থাকলে তৃতীয় ডোজ টিকা দেওয়া বাধ্যতামূলক না হলেও, হামের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগের চিকিৎসক সাইফুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "সাধারণত ১৫ বছরের নিচে যে-কোনো শিশু হামে আক্রান্ত হতে পারে। যে কারণে ১৫ বছর বয়সের নিচে সবারই উচিত অতিরিক্ত আরেকটি ডোজ টিকা নেওয়া। এর মূল্য উদ্দেশ্য হার্ড ইমিউনিটি গড়ে তোলা।„ এক্ষেত্রে কিছু ব্যতিক্রম ছাড়া সবাই এই অতিরিক্ত ডোজ টিকা নেওয়ার পরামর্শ দিচ্ছেন দিচ্ছেন চিকিৎসকরা।

মুগদা হাসপাতালের চিকিৎসক সুব্রত রায় বিবিসি বাংলাকে বলেন, "প্রথমত যাদের বয়স ১৫ বছরের নিচে, কিন্তু বড়ো ধরনের কোনো অসুস্থতা নেই, তারা এই টিকা নিতে পারবে।„ বিভিন্ন ধরনের টিকা দেওয়ার পর কোনো কোনো শিশু জ্বরে আক্রান্ত হয়ে থাকে। সে কারণে আতঙ্ক থেকে অনেক অভিভাবকই বাধ্য না হলে টিকা দিতে খুব একটা আগ্রহ দেখান না। সেটি নিয়েও প্রশ্ন আছে অভিভাবকদের। এই বিষয়ে শিশু বিশেষজ্ঞ মি. রায় বিবিসি বাংলাকে বলেন, "টিকা দেওয়ার সময় বাচ্চার সিরিঞ্জের একটা খোঁচা খায়, সে কারণে কোনো কোনো শিশুর জ্বর হতে পারে। তবে হামের টিকায় জ্বরে আক্রান্ত হওয়ার পরিমাণ খুবই কম। আর জ্বর হলে শুধু প্যারাসিটামল ব্যবহার করলেই চলবে।„ আর যে-সব শিশু এর আগে এক ডোজ টিকা দিয়েছে, পরে আর দ্বিতীয় ডোজ টিকা দেওয়া হয়নি বা টিকা কেন্দ্রে গিয়ে টিকা না পেয়ে চলে এসেছে, তাদের সবাইকেই এই টিকা দেওয়া জরুরি,„ বলছিলেন মি. রায়। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মত অনুযায়ী, এসব কর্মসূচির লক্ষ্য হলো দ্রুত জনগোষ্ঠীর মধ্যে উচ্চমাত্রার প্রতিরোধ ক্ষমতা তৈরি করা এবং পূর্বের টিকাদানের ঘাটতি পূরণ করা। যে কারণে চিকিৎসকরা দেশ থেকে হামের প্রাদুর্ভাব মোকাবিলায় সব শিশুকেই অতিরিক্ত এক ডোজ টিকা দেওয়ার পরামর্শ দিয়েছেন।

**কাদের এখনই টিকা দেওয়া উচিত না?**

বাংলাদেশে ১৯৮৯ সালের দিকে হামের একক টিকা দেওয়া শুরু হয়। পরবর্তীতে ২০১২ সাল থেকে হাম-রুবেলা (এমআর) নামে টিকা শিশুদের দেওয়া হচ্ছে। এবার হামের প্রাদুর্ভাব বেশ ছড়িয়ে পড়ায়, হামের দুই ডোজের বাইরে বাড়তি একটি ডোজ দেওয়ার ওপর জোর দিচ্ছে বাংলাদেশের স্বাস্থ্য বিভাগ। চিকিৎসকরা বলছেন, বিষয়টি এমন না যে, এবারই প্রথম বুস্টার ডোজ দেওয়া হচ্ছে। এর আগে, ২০২০ সালেও একইভাবে প্রায় তিন কোটি শিশুকে হামের বাড়তি টিকা দেওয়া হয়েছিল। আগের দুই ডোজ দেওয়ার পর যাদের বুস্টার ডোজ দেওয়া হয়েছিল, তাদের ক্ষেত্রে রোগ প্রতিরোধ ক্ষমতা বেড়েছে বলেও মনে করছেন চিকিৎসকরা। চিকিৎসকদের মতে, কিছু কিছু ক্ষেত্রে বাচ্চাদের এখনই টিকা দেওয়া যাবে না। চিকিৎসক মি. রায় বলছিলেন, "প্রথমত যাদের বয়স ছয় মাসের নিচে তারা হামের টিকা নেবে না। দ্বিতীয়ত, যারা এই টিকা নিয়েছে, কিন্তু এখনো এক মাস পূর্ণ হয়নি তারাও এই টিকা নেবে না।„ এর বাইরে এরই মধ্যে হাম আক্রান্ত হয়ে গেছে, তাদের ক্ষেত্রেও এখনই হামের টিকা না নেওয়ার পরামর্শ দিচ্ছেন চিকিৎসকরা। মি. রায় বিবিসি বাংলাকে বলেন, "এমন অনেক বাচ্চা আছে, যাদের হাম হয়ে গেছে, কিন্তু কোনো কারণে তা শনাক্ত করতে পারেনি কিন্তু পরে ধারণা করছে, সে হামে আক্রান্ত হয়েছিল। তাদের ক্ষেত্রেও এক মাসের মধ্যে এই টিকা নেওয়া উচিত

হবে না।„ এর বাইরে ছয় মাস বয়স থেকে ১৫ বছরের নিচে সকল শিশুকে হামের টিকা দেওয়ার পরামর্শ দিচ্ছেন চিকিৎসকরা। যদিও এখন পর্যন্ত পাঁচ বছরের বেশি বয়সি শিশুদের অতিরিক্ত বা বুস্টার ডোজ দেওয়ার বিষয়ে সরকারের পক্ষ থেকে কোনো সিদ্ধান্ত হয়নি। স্বাস্থ্য অধিদপ্তরের ইপিআইয়ের সহকারী পরিচালক হাসানুল মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, ”এখন পর্যন্ত পাঁচ বছরের নিচে যে শিশুরা রয়েছে, তাদেরকেই টিকা দেওয়ার সিদ্ধান্ত রয়েছে। এর ওপরে যাদের বয়স তাদের বিষয়ে কোনো সিদ্ধান্ত নেওয়া হয়নি।„ তবে বেসরকারি ব্যবস্থাপনায় বিভিন্ন হাসপাতাল বা টিকাকেন্দ্রে নিজ খরচে এসব টিকা নেওয়া যায়।

**যে কারণে টিকায় গুরুত্ব চিকিৎসকদের**

চলতি বছরের মার্চ মাস থেকে বাংলাদেশে হামের প্রকোপ বৃদ্ধি পাওয়ার পর, গত এপ্রিল মাস থেকে সারা দেশে নতুন করে হামের টিকাদান কর্মসূচি শুরু করেছে সরকার। প্রথম দফায় গত ৫ এপ্রিল দেশের ১৮ জেলার ৩০টি উপজেলায় টিকাদান কর্মসূচি শুরু হয়; পরবর্তীতে দ্বিতীয় দফায় ১২ এপ্রিল থেকে ঢাকা দক্ষিণ, ঢাকা উত্তর, বরিশাল ও ময়মনসিংহ সিটি করপোরেশনে শুরু হয় টিকাদান কার্যক্রম। সর্বশেষ তৃতীয় দফায় গত ২০ এপ্রিল থেকে সারা দেশে একযোগে হাম-রুবেলার টিকাদান কর্মসূচি শুরু হয়েছে। চিকিৎসকরা বলছেন, আগে টিকা নেওয়া শিশুদের আরো অতিরিক্ত এক ডোজ টিকা দেওয়ার উদ্দেশ্য হলো 'হার্ড ইমিউনিটি গড়ে তোলা, যাতে দেশের মধ্যে হাম নিয়ন্ত্রণে কার্যকর রোগ প্রতিরোধ ব্যবস্থা গড়ে তোলা যায়। বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক সাইফুল ইসলাম বলছিলেন, ”একটা কমিউনিটিতে সবাইকে যদি ভ্যাকসিনেটেড করা যায়, তাহলে সেই এ ধরনের সংক্রামক রোগের প্রাদুর্ভাব কমানো সম্ভব সহজেই। যে কারণেই অতিরিক্ত একটা ডোজের ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।„ বাংলাদেশের স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে, গত মাসে টিকাদান কর্মসূচি শুরু হওয়ার পর এ পর্যন্ত ৬১ শতাংশ শিশু হাম-রুবেলার টিকা নিয়েছে। কত পরিমাণ শিশুকে টিকার আওতায় আনলে হামের প্রাদুর্ভাব সহজভাবে মোকাবিলা করা সম্ভব, সেটির একটা ধারণা দেন মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট সুব্রত রায়। মি. রায় বিবিসি বাংলাকে বলছিলেন, ”কোনো এলাকার যদি ৯৭ শতাংশ শিশুর হামের টিকা নেওয়া থাকে, তাহলে সেখানকার বাকি তিন শতাংশের যদি টিকা নাও নেয়, তাহলে ওই তিন শতাংশও আক্রান্ত হবে না। সেই এলাকার শিশুদের মাঝে এই রোগ প্রতিরোধের ক্ষমতা গড়ে ওঠার কারণেই এটি হয়।„ ”আর এর বিপরীতে যদি এলাকার শিশুদের মধ্যে হামের টিকা নেওয়ার সংখ্যা যদি ৯৫ শতাংশের নিচে হয়, তাহলে সেখানে সব শিশুদের মধ্যে হামের প্রবণতা ছড়িয়ে পড়তে পারে,„ বলছিলেন মি. রায়।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## লিমন দেশে ফিরলেন কফিনবন্দি হয়ে

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা অঙ্গরাজ্যে হত্যাকাণ্ডের শিকার বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমনের মরদেহ দেশে এসে পৌঁছেছে। সোমবার সকাল পৌনে ৯টার দিকে তার মরদেহ বহনকারী উড়োজাহাজ ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে এসে পৌঁছেছে। বিমানবন্দরের কর্মকর্তারা জানিয়েছেন, জামিল আহমেদের মৃতদেহ তার পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এর আগে, ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাস জানিয়েছিল, গত শনিবার রাত ৯.৫০ মিনিটে ফ্লোরিডার অরল্যান্ডো আন্তর্জাতিক বিমানবন্দরে এমিরেটস এয়ারলাইন্সের একটি ফ্লাইটে লিমনের কফিন তুলে দেওয়া হয়। বিমানবন্দরের কার্গো গেটে লিমনের মরদেহ নিতে উপস্থিত ছিলেন তার পরিবারের সদস্যরা। সেখানে উপস্থিত লিমনের মামা মর্তুজা শেখ জসিম সাংবাদিকদের বলেন, মরদেহ জামালপুরের মাদারগঞ্জ উপজেলায় গ্রামের বাড়িতে নেওয়া হচ্ছে। সেখানে মাগরিবের নামাজের পর লিমনের জানাজা ও দাফন হওয়ার কথা রয়েছে। তিনি বলেন, তারা মার্কিন সরকার ও বাংলাদেশ সরকারের কাছে এই হত্যাকাণ্ডের ন্যায়বিচার আশা করেন। যুক্তরাষ্ট্রের কর্তৃপক্ষ ও বাংলাদেশ সরকারের প্রতিনিধিরা তাদের সঙ্গে যোগাযোগ রাখছেন বলেও জানিয়েছেন তিনি।

**পিএইচডি করতে গিয়ে লাশ হয়ে ফিরলেন লিমন**

খুলনা বিশ্ববিদ্যালয়ের স্নাতক জামিল আহমেদ লিমন (২৭) যুক্তরাষ্ট্রে ইউনিভার্সিটি অব সাউথ ফ্লোরিডায় ভূগোল, পরিবেশবিজ্ঞান ও নীতি বিষয়ে পিএইচডি করছিলেন। গত ১৬ এপ্রিল তিনি নিখোঁজ হন। লিমনের সঙ্গে নিখোঁজ হন নাহিদা সুলতানা বৃষ্টি (২৭)। নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টি যুক্তরাষ্ট্রে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনা করছিলেন। তাদের ফোন বন্ধ পেয়ে এবং কোনোভাবে যোগাযোগ করতে না পেরে পরিবারের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় এলাকার পুলিশের সঙ্গে যোগাযোগ করে পরিবার। এ হত্যাকাণ্ডে জড়িত সন্দেহে জামিলের রুমমেট মার্কিন নাগরিক হিশাম আবুঘরবেহকে তার পারিবারিক বাড়ি থেকে গ্রেফতার করা হয়। আবুঘরবেহকে জিজ্ঞাসাবাদের পর, গত ২৪ এপ্রিল ফ্লোরিডার হাওয়ার্ড ফ্রাঙ্কল্যান্ড ব্রিজ এলাকায় আবর্জনা ফেলার কালো রঙের কয়েকটি ব্যাগের মধ্যে জামিলের ক্ষতবিক্ষত মরদেহ খুঁজে পাওয়া যায় বলে হিলসবরো কাউন্টি শেরিফের কার্যালয় থেকে জানানো হয়। এ ঘটনায় আবুঘরবেহর বিরুদ্ধে সর্বোচ্চ মাত্রার (ফার্স্ট ডিগ্রি) হত্যার দুটি অভিযোগ দায়ের করা হয়েছে।

**'বৃষ্টির মরদেহ দ্রুত ফিরিয়ে আনতে কাজ চলছে'**

বিমানবন্দরে লিমনের মরদেহ তার পরিবারের কাছে হস্তান্তরের সময় কার্গো টার্মিনালের বাইরে তার পরিবারের সদস্যদের সাথে ছিলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি সেখানে সাংবাদিকদের বলেন, বৃষ্টির মরদেহও শনাক্ত করা গেছে। তার মরদেহ দ্রুত ফেরত আনার কাজ চলছে। ”আমাদের প্রধানমন্ত্রীর নির্দেশে আমি এখানে এসেছি লিমনের পরিবারের পাশে দাঁড়াতে। তবে, বাবা মায়ের সামনে যখন সন্তানের মৃত্যু হয়, তখন সান্ত্বনা দেওয়ার কোনো ভাষা থাকে না।„ এই হত্যাকাণ্ডের বিচার নিয়ে যুক্তরাষ্ট্রের ভূমিকা নিয়ে প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেন, ”আমাদের বিশ্বাস, যুক্তরাষ্ট্র এই হত্যাকাণ্ডের তদন্ত সম্পন্ন করবে এবং এর জন্য যারা দায়ী তাদের আইনের আওতায় এনে উপযুক্ত শাস্তি দেওয়া হবে।„(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## শিক্ষকের মারধরের শিকার কিশোরী এক সপ্তাহ ধরে কথা বলতে পারছে না

”স্কুলের স্যার আমার মেয়েটারে এমনভাবে মারছে যে, ওর কণ্ঠ বন্ধ হয়ে গেছে। এক সপ্তাহ হয়ে গেল মেয়েটা একটা কথাও বলেনি,„ বিবিসি বাংলাকে বলছিলেন নরসিংদীর রায়পুরা উপজেলার বাসিন্দা শামসুন্নাহার আখতার জোছনা। মিজ জোছনার কিশোরী মেয়েকে স্থানীয় একটি বেসরকারি বিদ্যালয়ে দশম শ্রেণিতে পড়ে। পরীক্ষায় নম্বর কম পাওয়ায় গত ২৮ এপ্রিল বিদ্যালয়ের একজন শিক্ষক ওই ছাত্রীকে বেত দিয়ে পেটান বলে অভিযোগ করেছে পরিবার। ওই ঘটনার পর থেকে মেয়েটি আর কথা বলতে পারছে না বলে জানিয়েছে পরিবার। `ও, কথা বলার চেষ্টা করতেছে, কিন্তু কথা বের হচ্ছে না। খালি গোঙানির মতো শব্দ করতেছে,„ বলেন কিশোরীর মা মিজ জোছনা। এখানেই শেষ নয়। মারধরের ঘটনার পর থেকে মেয়েটি ঠিকমতো খেতেও পারছে না। এতে শরীর দুর্বল হয়ে বারবার খিঁচুনি হওয়ায় এক পর্যায়ে তাকে হাসপাতালে ভর্তি করতে হয়েছে। ”প্রথমে আমরা স্থানীয় একটা প্রাইভেট হাসপাতালে নিছিলাম। কিন্তু সেখানকার ডাক্তাররা ঢাকায় পাঠায় দিছে। এখন আমার মেয়ে পিজি হাসপাতালে (বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়) ভর্তি রয়েছে,„ বলেন মিজ জোছনা। মারধরের ঘটনায় মানসিকভাবে আঘাত পাওয়ার কারণে মেয়েটি কথা বলতে পারছে না বলে প্রাথমিকভাবে জানিয়েছেন চিকিৎসকরা। ঘটনা জানাজানি হওয়ার পর সমালোচনা ও এলাকাবাসীর ক্ষোভের মুখে অভিযুক্ত শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করেছে বিদ্যালয় কর্তৃপক্ষ। এদিকে, সরকার নীতিমালা করে শিক্ষাপ্রতিষ্ঠানে শারীরিক ও মানসিক শাস্তি নিষিদ্ধ করলেও, তদারকির অভাবে অনেক স্কুল ও মাদ্রাসা, বিশেষ করে বেসরকারিগুলো সেটি মানছে না। ফলে এটি ঘিরে অভিভাবকদের মধ্যে উদ্বেগ রয়েই গেছে।

**কী ঘটেছিল স্কুলে?**

পনেরো বছর বয়সি ওই শিক্ষার্থী নরসিংদীর রায়পুরা উপজেলার যে শিক্ষা প্রতিষ্ঠানে পড়াশোনা করেন, সেটির নাম আলহেরা আইডিয়াল একাডেমি। এসএসসি পরীক্ষার প্রস্তুতি হিসেবে দশম শ্রেণির শিক্ষার্থীদের জন্য সেখানে প্রতিমাসেই বিভিন্ন বিষয়ে পরীক্ষা নেওয়া হয় বলে জানিয়েছে স্কুল কর্তৃপক্ষ। সেই ধারাবাহিকতায় সম্প্রতি গণিত পরীক্ষা অনুষ্ঠিত হয়, যেখানে অংশ নিয়েছিলেন ভুক্তভোগী শিক্ষার্থী মিজ আখতার। গত মঙ্গলবার সেই পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। সেখানে কম নাম্বার পাওয়ায় শাস্তি হিসেবে ওই কিশোরীকে স্কুলের গণিত শিক্ষক ফাইজ উদ্দিন বেত দিয়ে পেটান বলে অভিযোগ পরিবারের। ”পরীক্ষায় নাম্বার কম পাওয়ায় ওই স্যারে আমার মেয়ের ঘাড়ে ও পিঠে জোরে জোরে ১২টা বাড়ি দিছে। এরপর ও আর ক্লাস করতে পারেনি। কোনোমতে বাড়ি পর্যন্ত আসছে,„ বলছিলেন ছাত্রীর মা শামসুন্নাহার আখতার জোছনা। তিনি আরও বলছিলেন যে, স্কুল থেকে ফেরার পর তার মেয়ে সাধারণত হাতমুখ ধুয়ে খেতে বসে। ”কিন্তু সেদিন বাড়িতে এসে ও দুই-তিন মিনিট মাথা নিচু করে ঝিম ধরে বসে ছিল। এরপর হঠাৎ একটা চিৎকারের মতো শব্দ শুনলাম,„ বলছিলেন ভুক্তভোগীর ছাত্রীর মা।

এ ঘটনার সময় পাশেই সংসারের কাজ করছিলেন মিজ জোছনা। মেয়ের চিৎকার শুনে দ্রুত ছুটে আসেন তিনি। ”এসে দেখি মেয়ে কাঁপতেছে, আর মুখ দিয়ে গোঙানির মতো শব্দ বের হচ্ছে,„ বলেন মিজ জোছনা। কাঁপতে থাকায় মেয়ের শরীর কম্বল দিয়ে ঢেকে দেন মা। সেইসঙ্গে, মেয়ের সঙ্গে কী ঘটেছে, সেটি জানার চেষ্টা করেন। ”আমি জানতে চাচ্ছি, কিন্তু ওর মুখ দিয়ে কোনো কথাই বের হচ্ছিল না। খালি কাঁদতেছিল আর গোঙানির শব্দ করতেছিল,„ বলেন মিজ জোছনা। পরে বিদ্যালয়টির অন্য শিক্ষার্থীদের কাছ থেকে মারধরের বিষয়টি জানতে পারেন তিনি। এদিকে, কাঁদতে কাঁদতে এক পর্যায়ে খিঁচুনি শুরু হয় ওই কিশোরীর। এতে আতঙ্কিত বাবা-মা প্রথমে তাকে স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে নিয়ে যান। কিন্তু সেখানে ওই শিক্ষার্থীর শারীরিক অবস্থার কোনো উন্নতি না হওয়ায় গত ২৯ এপ্রিল ঢাকায় এনে বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি করা হয়। ”এখানেও পাঁচদিন কেটে যাচ্ছে, কিন্তু আমার মেয়েটা এখনও কথা বলতে পারছে না। খাওয়া-দাওয়াই ঠিকমতো করতে পারে না। একটু পর পর বুকে-গলায় চাপ দিয়ে ধরে- এগুলো করতেছে,„ বলছিলেন মা মিজ জোছনা।

**চিকিৎসকরা কী বলছেন?**

বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে ভর্তি করার পর বেশকিছু পরীক্ষা-নিরীক্ষা করেছেন চিকিৎসকরা। কিন্তু সেখানে শারীরিক বড়ো কোনো সমস্যা ধরে পড়েনি বলে পরিবারের সদস্যদের জানানো হয়েছে। ”এখনও সেভাবে কিছু ধরে

পড়েনি। তবে স্কুলের মারধরের ঘটনা শোনার পর ডাক্তাররা বলছে, মানসিক আঘাতের কারণে মনে কষ্ট পেয়ে এরকম হইতেছে,, বলেন ভুক্তভোগী শিক্ষার্থীর মা মিজ জোছনা। হাসপাতাল কর্তৃপক্ষও একই কথা জানিয়েছে। তবে বিষয়টি নিশ্চিত হওয়ার জন্য আরও বেশকিছু স্বাস্থ্য পরীক্ষা করা হচ্ছে বলেও জানানো হয়েছে। এদিকে, এক সপ্তাহ পরেও সাইমা আখতারের অবস্থার উন্নতি না হওয়ায় দুশ্চিন্তায় দিন পার করছে পরিবার। "এখন `ও, কবে সুস্থ হবে বা বড়ো কোনো ক্ষতি হলো কি-না, এগুলো নিয়েই পরিবারের সবাই দুচিন্তার মধ্যে আছি,, বিবিসি বাংলাকে বলছিলেন কিশোরীর ভাই রায়হান তালুকদার। এ ধরনের ঘটনা যেন ভবিষ্যতে আর না ঘটে, সেজন্য অভিযুক্ত শিক্ষকের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছে কিশোরীর পরিবার।

**কী বলছেন অভিযুক্ত শিক্ষক?**

গণিত পরীক্ষায় কম নম্বর পাওয়ায় বেত্রাঘাত করার কথা স্কুল কর্তৃপক্ষের কাছে স্বীকার করেছেন অভিযুক্ত শিক্ষক ফাইজ উদ্দিন। "ঘটনা জানার পরেই আমরা ওই শিক্ষককে ডেকে নিয়ে এ বিষয়ে কথা বলি এবং তিনি বেত্রাঘাত করার কথা স্বীকার করেন। কিন্তু তিনি এটাও দাবি করেছেন যে, ১২টা নয়, বরং তিন-চারটা বেতের বাড়ি দিয়েছিলেন,, বিবিসি বাংলাকে বলছিলেন আলহেরা আইডিয়াল একাডেমির প্রধান শিক্ষক পনির হোসেন। ঘটনার পর স্থানীয় গণমাধ্যমের কাছেও একই দাবি করেছেন অভিযুক্ত গণিতের শিক্ষক। "বেশি মারছি নাতো, আমি চারটা বাড়ি দিছি। আমি এত জোরেও বাড়ি দিই নাই। শরীরে দাগ হয় নাই, কাঁনছেও না,, গত ৩০ এপ্রিল সাংবাদিকদের বলেন মি. উদ্দিন। যারা পরীক্ষায় কম নম্বর পেয়েছে, তাদের সবাইকে ওই একই শাস্তি দেওয়া হয়েছে বলে দাবি করেন তিনি। "নাম্বার কম পাইছে দেইখা, সবাইরে বাড়ি দিছি। তবে জোরে বাড়ি দিই নাই,, বলেন মি. উদ্দিন। হাসপাতালে ভর্তির খবর পেয়ে পরে সেখানে গিয়ে ছাত্রীর খোঁজ-খবর নিয়েছেন বলেও দাবি করেন অভিযুক্ত এই শিক্ষক। তবে বিষয়টি নিয়ে বিবিসি'র পক্ষ থেকে তার সঙ্গে যোগাযোগের চেষ্টা করেও কোনো মন্তব্য পাওয়া যায়নি। এদিকে, শিক্ষার্থীকে মারধরের ঘটনা জানার পর অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার নিদের্শ দেন রায়পুরা উপজেলার নির্বাহী কর্মকর্তা মো. মাসুদ রানা। তার ওই নির্দেশনার পর গণিতের ওই শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করে স্কুল কর্তৃপক্ষ। "ভুক্তভোগী শিক্ষার্থীর চিকিৎসার সব ব্যয় স্কুল কর্তৃপক্ষে বহন করার নির্দেশনা দেওয়া হয়েছে। একইসঙ্গে, ভুক্তভোগী পরিবারকে আইনি সুরক্ষা দেওয়ার জন্যই থানার ওসিকে বলা হয়েছে,, বিবিসি বাংলাকে বলেন মি. রানা।

**আইনে কী আছে?**

বাংলাদেশে ২০১১ সালে নীতিমালা করে শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক শাস্তি নিষিদ্ধ করে শিক্ষা মন্ত্রণালয়। নীতিমালাটিতে ছাত্র-ছাত্রীদের শরীরে কোনো কিছু দিয়ে আঘাত বা বেত্রাঘাত করা, চক বা ডাস্টার ছুড়ে মারা, আছাড় দেওয়া, চিমটি কাটা, কামড় দেওয়া, চুল টানা, চুল কেটে দেওয়া, কান টানা, কানে ধরে ওঠবস করানো, রোদে দাঁড় করিয়ে রাখাসহ অন্যান্য শারীরিক শাস্তি নিষিদ্ধ করা হয়েছে। সেইসঙ্গে, মানসিক শাস্তি যেমন : শিক্ষার্থীদের মা-বাবা, বংশ পরিচয়, গোত্র, বর্ণ, ও ধর্ম সম্পর্কে অশালীন মন্তব্য করা, অশোভন অঙ্গভঙ্গি বা শিক্ষার্থীদের মনে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে- এমন সব শাস্তি দিতে নিষেধ করা হয়েছে। নিষেধাজ্ঞার পরও সেটি অমান্য করলে বা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে শিক্ষকদের কারও সংশ্লিষ্টতা পাওয়া গেলে তা সরকারি কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থি এবং শাস্তিযোগ্য অপরাধ হিসেবে গণ্য করা হবে বলে নীতিমালায় উল্লেখ করা হয়েছে। এ ধরনের অসদাচরণের জন্য বিভাগীয় শাস্তির পাশাপাশি প্রয়োজনে ফৌজদারি আইনেও ব্যবস্থা গ্রহণ করা যাবে বলে জানানো হয়েছে। প্রাথমিক স্কুল থেকে কলেজ পর্যন্ত সরকারি-বেসরকারি সব শিক্ষা প্রতিষ্ঠানে নীতিমালাটি মেনে চলার বাধ্যবাধকতা রয়েছে। এর মধ্যে সরকারি প্রতিষ্ঠানে এ বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ ও নজরদারি চালায় প্রশাসনের কর্মকর্তারা। কিন্তু বেসরকারি সব শিক্ষাপ্রতিষ্ঠানে সেভাবে নজরদারি চালানো হয় না। "সেই কারণে প্রাইভেট স্কুলগুলোতে শিক্ষার্থী প্রহারের ঘটনা এখনও ঘটতে দেখা যাচ্ছে। বিষয়টি আমলে নিয়ে এখন সরকারি স্কুলের মতো বেসরকারি স্কুলগুলোতেও আমরা শিক্ষকদের নিয়ে আলাদা সভা-সেমিনার করে এ বিষয়ে প্রশিক্ষণ দেওয়ার উদ্যোগ নিচ্ছি,, বিবিসি বাংলাকে বলেন রায়পুরা উপজেলার নির্বাহী কর্মকর্তা মো. মাসুদ রানা।(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৫.২০২৬ নারগীস)

## পশ্চিমবঙ্গে পদ্ম ফুটেছে, এক্স হ্যান্ডেলে মোদি

পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনে এখনো পর্যন্ত পাওয়া ফল অনুযায়ী বিজেপি এগিয়ে রয়েছে। বিজেপির এই ফল নিয়ে একটি বার্তা দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক্স হ্যান্ডেলে তিনি লিখেছেন , "পশ্চিমবঙ্গে পদ্ম ফুটেছে ! ২০২৬ সালের পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচন চিরস্মরণীয় হয়ে থাকবে। জনগণের শক্তির জয় হয়েছে এবং বিজেপির সুশাসনের রাজনীতি জয়ী হয়েছে।,, "আমি পশ্চিমবঙ্গের প্রত্যেক ব্যক্তিকে প্রণাম জানাই। জনগণ বিজেপিকে এক অভূতপূর্ব রায় দিয়েছেন এবং আমি তাদের আশ্বাস দিচ্ছি যে , আমাদের দল পশ্চিমবঙ্গে র মানুষের স্বপ্ন ও আকাঙ্ক্ষা পূরণের জন্য সম্ভাব্য সবকিছু করবে। আমরা এমন একটি সরকার দেব , যা সমাজের সকল স্তরের মানুষের সুযোগ ও মর্যাদা নিশ্চিত করবে।,,(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## মমতা ব্যানার্জীর 'ঘরে' হারালেন শুভেন্দু অধিকারী

শুভেন্দু অধিকারীর কাছে হারলেন মমতা ব্যানার্জী। যে কেন্দ্র মমতা ব্যানার্জীর 'ঘর' বলে পরিচিত ছিল, সেই কেন্দ্রেই বিদায়ী মুখ্যমন্ত্রীকে হারালেন বিজেপি নেতা ও একদা মমতা ব্যানার্জীর সহযোগী শুভেন্দু অধিকারী। ১৫ হাজারের বেশি ভোটে বিদায়ি মুখ্যমন্ত্রীকে পরাজিত করলেন শুভেন্দু অধিকারী। ফলাফল ঘোষণা হওয়ার পরে কলকাতার শাখাওয়াত মেমোরিয়াল স্কুলের গণনাকেন্দ্র থেকে সার্টিফিকেট হাতে বেরিয়ে শুভেন্দু অধিকারী বললেন, "হিন্দুত্বের জন্য প্রাণ দেওয়া কর্মীদের এই জয় উৎসর্গ করলাম, মমতা ব্যানার্জীকে হারানো খুব দরকার ছিল।„ এর আগের বিধানসভা নির্বাচনে মমতা ব্যানার্জীর কাছেই অল্প ব্যবধানে হেরেছিলেন শুভেন্দু অধিকারী। এই নির্বাচনে এর মধ্যেই সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়েছে বিজেপি। রাত সাড়ে ১০টা নাগাদ পাওয়া তথ্যে, বিজেপি বিজয়ী হয়েছে ১৯০টি আসনে, তৃণমূল কংগ্রেস পেয়েছে ৬৪টি আসন। বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার জন্য দরকার ছিল ১৪৮টি আসন।
(বিবিসি ওয়েব পেজ : ০৪.০৫.২০২৬ নারগীস)

## হরমুজ প্রণালিতে প্রবেশের চেষ্টা হলে মার্কিন বাহিনীর উপর হামলার হুমকি ইরানের

ইরানের সামরিক বাহিনী বলেছে , যুক্তরাষ্ট্র যদি হরমুজ প্রণালিতে প্রবেশের চেষ্টা করে , তাহলে তারা হামলা চালাবে। এর আগে, ডোনাল্ড ট্রাম্প এই প্রণালিতে আটকে পড়া জাহাজগুলোকে বের করে আনতে একটি সামরিক অভিযান পরিচালনার ঘোষণা দেন। এর জবাবে এই হুমকি দেয় ইরান। ইরানের কেন্দ্রীয় কমান্ডের এক বিবৃতিতে বলা হয়েছে , "যে-কোনো বিদেশি সশস্ত্র বাহিনী যদি এই প্রণালির কাছে আসতে বা এতে প্রবেশ করতে চায় , তাহলে তাদের ওপর হামলা চালানো হবে। বিশেষ করে আগ্রাসী মার্কিন বাহিনী সেই চেষ্টা চালালে সেনাবাহিনী তাদেরকে লক্ষ্যবস্তুতে পরিণত করবে। ইরানের মেজর জেনারেল আলী আব্দোল্লাহি বলেন , "ইরান বারবার বলে আসছে যে , এই প্রণালি ইরানের সশস্ত্র বাহিনীর নিয়ন্ত্রণে রয়েছে এবং এর মধ্যদিয়ে নিরাপদে চলাচল করতে হলে সব পরিস্থিতিতেই তাদের সঙ্গে সমন্বয় করতে হবে। „ এই বিবৃতিটি ইরানের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবিতেও প্রচার করা হয়েছে , অন্যদিকে, যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী জানিয়েছে , `প্রজেক্ট ফ্রিডম, অভিযানে গাইডেড -মিসাইল ডেস্ট্রয়ার, ১০০টির বেশি স্থল ও সামুদ্রিক বিমান, বহুমাত্রিক ড্রোন প্ল্যাটফর্ম এবং ১৫ হাজার সেনাসদস্য অংশ নেবে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## যুক্তরাষ্ট্রের জব্দ করা ইরানি জাহাজের নাবিকদের হস্তান্তর করা হবে বলে জানিয়েছে পাকিস্তান

গত মাসে যুক্তরাষ্ট্র যে ইরানি কন্টেইনার জাহাজটি জব্দ করেছিল, সেটিতে থাকা ২২ জন নাবিককে পাকিস্তানে সরিয়ে নেওয়া হয়েছে। আজ অর্থাৎ সোমবার তাদের ইরানি কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হবে বলে জানিয়েছে পাকিস্তান সরকার। মার্কিন বাহিনী গত মাসে তাউসকা নামের জাহাজটি জব্দ করে। জাহাজটির ইঞ্জিন কক্ষে গুলি চালানোর পর, সেটিকে জব্দ করা হয়েছিল। ইরান এই ঘটনাকে মার্কিন দস্যুতা বলেও অভিহিত করেছিল। আর ওই ঘটনার বিষয়টি তখন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছিলেন , ইরানি জাহাজটি যুক্তরাষ্ট্রের নৌ অবরোধ ভেঙে চলাচল করেছিল বলে সেটিকে জব্দ করা হয়েছিল। সে সময় জাহাজ ও এর নাবিকদের ছেড়ে দেওয়ার দাবি জানিয়েছিল ইরান।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## হরমুজ প্রণালিতে একটি মার্কিন যুদ্ধজাহাজে ক্ষেপণাস্ত্র হামলার দাবি ইরানি গণমাধ্যমে

ইরানের সতর্কতা উপেক্ষা করায় মার্কিন নৌবাহিনীর একটি জাহাজে দুইটি ক্ষেপণাস্ত্র হামলা চালানোর দাবি করেছে ইরান। স্থানীয় সূত্রের বরাত দিয়ে এই তথ্য জানিয়েছে ইরানের সংবাদ সংস্থা ফার্স নিউজ। আইআরজিসির ঘনিষ্ঠ এই সংবাদ সংস্থার খবরে বলা হয়েছে , ইসলামিক প্রজাতন্ত্র ইরানের নৌবাহিনীর সতর্কবার্তা উপেক্ষা করার পর হরমুজ প্রণালি দিয়ে যাওয়ার সময় জাস্ক দ্বীপের কাছে জাহাজটির ওপর ক্ষেপণাস্ত্র হামলা চালানো হয়। সূত্রের বরাত দিয়ে ফার্স নিউজ লিখেছে যে , ক্ষেপণাস্ত্রের আঘাতের পর মার্কিন `ফ্রিগেটটি, পিছু হটতে বাধ্য হয়। ইরানের গণমাধ্যমে এই হামলার খবর জানানো হলেও , এ নিয়ে এখনো কোনো প্রতিক্রিয়া জানায়নি যুক্তরাষ্ট্র। এর আগে , ইরানের সামরিক বাহিনী ঘোষণা করেছিল যে, তাদের নৌবাহিনী মার্কিন ডেস্ট্রয়ারগুলোকে হরমুজ প্রণালিতে প্রবেশে বাধা দিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## যুদ্ধজাহাজে ইরানি হামলার দাবি অস্বীকার করেছে যুক্তরাষ্ট্র

যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম জানিয়ে ছে, তাদের যুদ্ধজাহাজে দুইটি ইরানি ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে বলে দাবি করা হয়েছে, তা সত্য নয়। এক্স -এর এক পোস্টে সেন্টকম বলেছে , "যুক্তরাষ্ট্রের নৌবাহিনীর কোনো জাহাজে হামলা হয়নি।„ তারা আরও জানায়, "যুক্তরাষ্ট্রের বাহিনী `প্রজেক্ট ফ্রিডম,-এ সহায়তা করছে এবং ইরা নের বন্দরে নৌ অবরোধ কার্যকর করছে। „ এর আগে, ইরানের সামরিক বাহিনী দাবি করেছিল , তারা একটি মার্কিন নৌবাহিনীর যুদ্ধজাহাজকে হরমুজ প্রণালিতে রুখে দিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

### আরব আমিরাতের তেলবাহী ট্যাংকারে ইরানের হামলা

সংযুক্ত আরব আমিরাত জানিয়েছে , হরমুজ প্রণালিতে তাদের একটি ট্যাংকারে আঘাত হেনেছে , তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। আরব আমিরাত বলেছে , তাদের রাষ্ট্রায়ত্ত তেল কোম্পানি আদনক সংশ্লিষ্ট একটি ট্যাংকার হরমুজ প্রণালি দিয়ে যাওয়ার সময় হামলার মুখে পড়েছে। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। দেশটির একটি বিবৃতিতে বলা হয় , "এই হামলা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ২৮১৭ নম্বর প্রস্তাবের সুস্পষ্ট লঙ্ঘন , যেখানে নৌ চলাচলের স্বাধীনতার গুরুত্ব নিশ্চিত করা হয়েছে এবং বাণিজ্যিক জাহাজকে লক্ষ্যবস্তু করা বা আন্তর্জাতিক সামুদ্রিক পথ বাধাগ্রস্ত করা প্রত্যাখ্যান করা হয়েছে। „ বিবৃতিতে আরও বলা হয় , "বাণিজ্যিক জাহাজকে লক্ষ্য করা এবং হরমুজ প্রণালিকে অর্থনৈতিক চাপ বা ব্ল্যাকমেইলের হাতিয়ার হিসেবে ব্যব হার করা ও ইরানের আইআরজিসির হামলা একটি ডাকাতির ঘটনার মতো। এটি আঞ্চলিক স্থিতিশীলতা , জনগণ এবং বৈশ্বিক জ্বালানি নিরাপত্তার জন্য সরাসরি হুমকি। „ ইরানকে এই হামলা বন্ধের আহ্বান জানিয়েছে সংযুক্ত আরব আমিরাত।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

### যুদ্ধ জাহাজের সহায়তায় দুটি মার্কিন বাণিজ্যিক জাহাজ হরমুজ প্রণালি পাড়ি দিয়েছে

যুক্তরাষ্ট্রের সেন্ট্রাল কমান্ড বা সেন্টকম জানিয়েছে যে , দুটি গাইডেড-মিসাইল ডেস্ট্রয়ার (যুদ্ধজাহাজ) হরমুজ প্রণালি অতিক্রম করে পারস্য উপসাগরে প্রবেশ করেছে। চ্যানেল এক্স -এ দেওয়া সেন্টকমের এক বিবৃতি বলা হয়েছে, এই ডেস্ট্রয়ারগুলোর সহায়তায় দুইটি মার্কিন পতাকাবাহী বাণিজ্যিক জাহাজও সফলভাবে হরমুজ প্রণালি অতিক্রম করেছে। যদিও এর আগে ইরান দাবি করেছিল যে , তারা মার্কিন জাহাজগুলোকে হরমুজ প্রণালিতে প্রবেশে বাধা দিয়েছে। একজন ইরানি কর্মকর্তার বরাত দিয়ে রয়টার্সের খবরে বলা হয়েছে, একটি মার্কিন যুদ্ধজাহাজকে হরমুজ প্রণালিতে প্রবেশে বাধা দিতে ইরান সতর্কতামূলক গুলিও চালিয়েছে। এর আগে , ফার্স নিউজ এজেন্সি জানিয়েছিল যে , দুটি ক্ষেপণাস্ত্র একটি মার্কিন জাহাজে আঘাত হেনেছে, যদিও তা সেন্টকম অস্বীকার করেছে।
(বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

### হরমুজ প্রণালিতে দক্ষিণ কোরিয়ার একটি জাহাজে বিস্ফোরণ ও আগুন

হরমুজ প্রণালিতে দক্ষিণ কোরিয়ার একটি জাহাজে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের খবর পাওয়া যাচ্ছে। দক্ষিণ কোরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে যে , সিউল সময় রাত প্রায় ৮টা ৪০ মিনিটে হরমুজ প্রণালিতে সংযুক্ত আরব আমিরাতের জলসীমার কাছাকাছি নোঙর করা একটি দক্ষিণ কোরিয় কোম্পানির পরিচালিত জাহাজে বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। মন্ত্রণালয়ের বরাত দিয়ে এএফপি জানিয়েছে , জাহাজটির ২৪ জন নাবিকের মধ্যে এখন পর্যন্ত কোনো হতাহতের খবর পাওয়া যায়নি। দক্ষিণ কোরিয়া র পররাষ্ট্র মন্ত্রণালয় আরও জানিয়েছে যে , বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের ঘটনায় ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। (বিবিসি ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## রেডিও তেহরান

### বাংলাদেশে হাম ও হামের উপসর্গে একদিনে সর্বোচ্চ ১৭ শিশুর মৃত্যু

বাংলাদেশে হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ১৭ শিশুর মৃত্যু হয়েছে। দেশে প্রথম হাম শনাক্ত হওয়ার পর শিশুমৃত্যুর এই সংখ্যা গত ৫০ দিনের মধ্যে সর্বোচ্চ। ১৭ শিশুর মধ্যে ১৫ শিশুর মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। অপর দুই শিশুর হামে মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছে স্বাস্থ্য অধিদপ্তর। এ নিয়ে ৫০ দিনে দেশে হাম ও হামের উপসর্গ নিয়ে মৃতের সংখ্যা ৩১১-এ দাঁড়িয়েছে। এর মধ্যে হামের উপসর্গ নিয়ে ২৫৯ শিশুর মৃত্যু হয়েছে আর হামে ৫২ শিশুর মৃত্যুর বিষয়ে নিশ্চিত হয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। আজ (সোমবার) স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদন থেকে এ তথ্য জানা যায়। এই হিসাব গতকাল রোববার সকাল ৮টা থেকে আজ সকাল ৮টা পর্যন্ত সময়ের। অবশ্য এই ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে মারা যাওয়া ১৫ শিশুর মধ্যে ২টি শিশুর মৃত্যু হয়েছে আগের দিন। হাম ও হামের উপসর্গ নিয়ে যে ১৭ শিশুর মৃত্যু হয়েছে, তাদের মধ্যে ১২টি শিশুই ঢাকা বিভাগের আর ৫টি শিশু চট্টগ্রাম বিভাগের। সর্বশেষ ২৪ ঘণ্টায় হামের উপসর্গ দেখা গেছে ১ হাজার ৩০২টি শিশুর মধ্যে। তাদের মধ্যে ৬১৮টি শিশুই ঢাকা বিভাগের। এরপর আছে চট্টগ্রাম (১৯২), রাজশাহী (১৬৮) ও বরিশাল (১৩৩) বিভাগ। দেশের ৮ বিভাগে এই সময়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ২৬ জন। হামের উপসর্গ নিয়ে ৮ বিভাগে ভর্তি হওয়া ১ হাজার ৬১ জন গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে ছুটিও পেয়েছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০৪.০৫.২০২৬ আলী আহমেদ)

## এনএইচকে

### হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচলের নির্দেশনা দিতে ট্রাম্পের নতুন পরিকল্পনা

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প , হরমুজ প্রণালি থেকে জাহাজগুলো সরিয়ে নেওয়ার জন্য তার ভাষ্যানুযায়ী একটি 'মানবিক প্রক্রিয়ার ' প্রস্তাব দিয়েছেন। অন্যদিকে , ইরান জানিয়েছে যে , চলমান সংঘাত নিরসনে তাদের সাম্প্রতিক প্রস্তাবের প্রতিক্রিয়া জানিয়েছে যুক্তরাষ্ট্র। ট্রাম্প রবিবার লিখেছেন যে , মধ্যপ্রাচ্যের সময় অনুযায়ী সোমবার সকাল

থেকে হরমুজ প্রণালিতে আটকে থাকা জাহাজগুলো সরিয়ে নেওয়ার কাজ শুরু হবে। ট্রাম্প এই প্রক্রিয়ার নাম দিয়েছেন `প্রজেক্ট ফ্রিডম ,। তিনি বলেন , এর লক্ষ্য হলো মধ্যপ্রাচ্যের বর্তমান পরিস্থিতির সঙ্গে জড়িত নয় এমন অঞ্চলের জাহাজগুলোকে সাহায্য করা। তিনি আরও বলেন , "যদি কোনোভাবে এই মানবিক প্রক্রিয়ায় হস্তক্ষেপ করা হয়, তবে দুর্ভাগ্যবশত সেই হস্তক্ষেপের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। „ ইরানের সংসদের জাতীয় নিরাপত্তা কমিশনের প্রধান ইব্রাহিম আজিজি সামাজিক যোগাযোগ মাধ্যমে সতর্ক করে বলেছেন যে , হরমুজ প্রণালিতে আমেরিকার যে-কোনো হস্তক্ষেপ যুদ্ধবিরতির লঙ্ঘন হিসেবে বিবেচিত হবে। এদিকে, ইরানের তাসনিম সংবাদ সংস্থা এর আগে জানিয়েছিল যে , ইরান এই সংঘাত নিরসনে ১৪ দফা প্রস্তাব পেশ করেছে। ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম রবিবার সেদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই -এর উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে , যুক্তরাষ্ট্র মধ্যস্থতাকারী দেশ পাকিস্তানের মাধ্যমে তাদের প্রতিক্রিয়া পাঠিয়েছে। তাদের দেওয়া জবাব বর্তমানে পর্যালোচনা করা হচ্ছে বলে এতে আরও বলা হয়। (এনএইচকে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

### বাংলাদেশে হাম ও হামের উপসর্গ নিয়ে একদিনে ১৭ শিশুর মৃত্যু

বাংলাদেশে হাম ও হামের উপসর্গে গত ২৪ ঘণ্টায় আরও ১৭ শিশুর মৃত্যু হয়েছে। প্রথম হাম শনাক্ত হওয়ার পর, গত ৫০ দিনের মধ্যে এটি একদিনে সর্বোচ্চ মৃত্যু। সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের সর্বশেষ প্রতিবেদনে জানানো হয়, মারা যাওয়া ১৭ শিশুর মধ্যে দুইজনের হামে মৃত্যু নিশ্চিত হয়েছে, বাকি ১৫ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। এ নিয়ে ৫০ দিনে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ৩১১-এ। এর মধ্যে হাম নিশ্চিত হয়ে মৃত্যু ৫২ জনের এবং হামের উপসর্গে মৃত্যু ২৫৯ জনের। মারা যাওয়া ১৭ শিশুর মধ্যে ১২ জনই ঢাকা বিভাগের এবং ৫ জন চট্টগ্রাম বিভাগের। গত ২৪ ঘণ্টায় সারা দেশে ১ হাজার ৩০২ শিশুর মধ্যে হামের উপসর্গ দেখা গেছে। এর মধ্যে সবচেয়ে বেশি ঢাকায়, ৬১৮ জন। এরপর রয়েছে চট্টগ্রাম, রাজশাহী ও বরিশাল বিভাগ। একই সময়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ২৬ জন।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রনি)

## রেডিও টুডে

### বিনিয়োগ বাড়াতে প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সহজ করার নির্দেশ প্রধানমন্ত্রীর

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশি ও বিদেশি বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সহজ করার নির্দেশ দিয়েছেন। তিনি একইসঙ্গে দীর্ঘদিন ধরে বন্ধ থাকা সরকারি কল -কারখানাগুলোতে যারা আন্তরিকভাবে বিনিয়োগ করতে চান , তাদের প্রয়োজনীয় সহযোগিতা দেওয়ার আশ্বাসও দেন। আজ সকালে বাংলাদেশ সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতাধীন বন্ধ কল -কারখানাগুলোর বর্তমান অবস্থা ও করণীয় নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও দপ্তরের কর্মকর্তাদের সঙ্গে বৈঠকটি অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। বৈঠকে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, "সরকার একটি বিনিয়োগবান্ধব পরিবেশ গড়ে তুলতে প্র তিশ্রুতিবদ্ধ। এ লক্ষ্য অর্জনে বিনিয়োগ প্রক্রিয়ায় বিদ্যমান জটিলতা দূর করা জরুরি। „ তারেক রহমান প্রকল্প অনুমোদন প্রক্রিয়া সহজ ও সময়োপযোগী করার নির্দেশ দিয়ে বলেন, "যে-সব মন্ত্রণালয় বা দপ্তরের অনুমোদন অপরিহার্য নয় , সেগুলো অনুমোদন প্রক্রিয়া থেকে বাদ দিতে হবে।„ বন্ধ থাকা সরকারি কল -কারখানায় বেসরকারি বিনিয়োগ বাড়াতে ঋণপ্রাপ্তি সহজ করার উপরও গুরুত্বারোপ করেন প্রধানমন্ত্রী। এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রীদের দ্রুত কার্যকর পদক্ষেপ নেওয়ার নির্দেশ দেন তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.১০২৬ আসাদ)

### অবৈধ অস্ত্র ও চাঁদাবাজির বিরুদ্ধে আমরা যৌথ অভিযান চালাচ্ছি: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন , মাদক, অবৈধ অস্ত্র ও চাঁদাবাজির বিরুদ্ধে আমরা যৌথ অভিযান চালাচ্ছি। তিনি বলেন, গত ১ মে থেকে সারা দেশে আইন -শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী অভিযান শুরু করেছে। আজ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের সমন্বয় , ব্যবস্থাপনা ও আইন -শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটির প্রথম সভা শেষে আয়োজিত সংবাদ সম্মেলনে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। সভায় স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের সভাপতিত্বে এ তে সমাজকল্যাণ মন্ত্রী অধ্যাপক ডা . এ জেড এম জাহিদ হোসেন , পররাষ্ট্র মন্ত্রী ড. খলিলুর রহমান, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণমন্ত্রী আসাদুল হাবিব দুলু , পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামসহ কমিটির সদস্যবৃন্দ অংশগ্রহণ করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন , মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কর্মকর্তারা অপারেশনে থাকলেও, শুধু নারকোটিক্স বিভাগই অপারেশন করে না, পুলিশ-র্যাবসহ অন্যান্য সংস্থাও এতে অংশ নেয়। দেশে মাদকের যে ছড়াছড়ি হয়েছে , এটা একদিনে হয়নি। এই অবস্থা থেকে আমরা নিষ্কৃতি পেতে জোরালো অভিযান পরিচালনা করছি। প্রতিদিনই এ বিষয়ে অগ্রগতি হচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## পশ্চিমবঙ্গে যে-ই ক্ষমতায় আসুক, সম্পর্কে প্রভাব পড়বে না : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ভারতের পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে ক্ষমতায় যে -ই আসুক, বাংলাদেশের সঙ্গে সম্পর্কে কো নো প্রভাব পড়বে না বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। সোমবার (৪ মে) সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে গণমাধ্যমকর্মীদের সঙ্গে আলাপকালে এমনটা জানান তিনি। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন , "পশ্চিমবঙ্গে যে -ই ক্ষমতায় আসুক বাংলাদেশের সঙ্গে সম্পর্কে কোনো প্র ভাব পড়বে না। বাংলাদেশ নিজেদের স্বার্থ বজায় রেখে কাজ করবে। „ পুশইন ও গঙ্গার পানি চুক্তি নিয়ে ভারতের সঙ্গে আলোচনা চলবে জানিয়ে তিনি বলেন , "গঙ্গা চুক্তি নিয়ে বাংলাদেশ আশাবাদী। „ এ সময় ভারতের সঙ্গে শিগ্গিরই ভিসা প্রক্রিয়া স্বাভাবিক হবে বলেও আশা প্রকাশ করেন তিনি।

(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## দেড় মাসে হামে মারা গেল ২৯৪ শিশু : স্বাস্থ্য অধিদপ্তর

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হাম ও উপসর্গ নিয়ে আরও ১০ শিশুর মৃত্যু হয়েছে। এটি এ বছর হামে মৃত্যুর দ্বিতীয় সর্বোচ্চ সংখ্যা। এর আগে, এপ্রিলের মাঝামাঝিতে একদিনে ১১ শিশুর মৃত্যুর তথ্য দিয়েছিল স্বাস্থ্য অধিদপ্তর। গত এক দিনে হামে আক্রান্ত রোগীর সংখ্যা ১১৬৬ জন। বিশেষজ্ঞরা বলছেন, হামে আক্রান্তের সংখ্যা কমে আসলেও, শিশুমৃত্যু আমাদের দেখতে হবে আরও বেশকিছু দিন। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য বলছে , গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে একজনের মৃত্যু হয়েছে, আর উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে ৯ জনের। এ নিয়ে নিশ্চিত মৃত্যু বেড়ে দাঁড়াল ৫০ জনে এবং হামের উপসর্গে মৃত্যু বেড়ে দাঁড়িয়েছে ২৪৪ জনে। এ নিয়ে ১৫ মার্চ থেকে এ পর্যন্ত মোট মৃত্যু হলো ২৯৪ জনের। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামে আক্রান্ত রোগীর সংখ্যা ৯৫ জন। এ পর্যন্ত মোট নিশ্চিত হাম রোগীর সংখ্যা ৫ হাজার ৩১৩ জন। এ পর্যন্ত হাম উপসর্গে ভর্তি রোগীর সংখ্যা ২৭ হাজার ৮১৬ জন। বিশেষজ্ঞরা বলেন, হামে আক্রান্ত শিশুদের শ্বাসকষ্ট হলেই যে আইসিইউতে যেতে হবে , বিষয়টা এমন নয়। আইসিইউ ছাড়া সিলিন্ডার দিয়েই অক্সিজেন দেওয়া যেতে পারে। আর অক্সিজে ন সিলিন্ডার তো বহু হাসপাতালে আছে। কিন্তু চিকিৎসক যখন বলে আইসিইউ লাগবে , আর হাসপাতাল থেকে যখন বলে আইসিইউ নাই , তখন রোগী এক হাসপাতাল থেকে অন্য হাসপাতালে আইসিইউ -এর জন্য যাচ্ছে। অক্সিজেন দিয়ে যদি আমরা সামাল দিতে পারতাম , তাহলে এই দৌড়াদৌড়িটা করতে হতো না। এখানে আমাদের উচিত ছিল , স্থানীয় চিকিৎসকদের যুক্ত করা। তাহলে পাশের ফার্মেসিতে যে ডাক্তার বসে , সে যদি ওই পরিবারকে পরামর্শ দেয় , তাহলে হয়ত ওই পরিবারটাকে হাসপাতাল পর্যন্ত যেতে হতো না। সরকারের পাশাপাশি জেনারেল প্র্যাকটিশনাল, প্রাইভেট প্র্যাকটিশনালদের সম্পৃক্ত করতে পারলে হা মের এই অবস্থাটা আরও ভালোভাবে সামাল দেওয়া যেত। স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো . সাখাওয়াত হোসেন বলেছেন , দেশে হামের টিকা নেওয়ার উপযোগী ৮১ শতাংশের বেশি শিশুর টিকাদান করা হয়েছে। তিনি আরও বলেন , "হামের ক্ষেত্রে আমরা ৮১ শতাংশ টিকা কভার করেছি। বাকিটাও খু ব শিগ্গির কভার করে ফেলব। দ্রুত আমরা শতভাগ শিশুকে টিকার আওতায় আনতে কাজ করছি। বর্তমানে হাম নিয়ন্ত্রণে রয়েছে এবং মৃত্যুহারও কমেছে। পর্যাপ্ত টিকা আছে এবং সারা দেশে টিকার সরবরাহও ঠিক আছে। „ গতকাল রবিবার রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের দ্বিতীয় অধিবেশন শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## উপবৃত্তি পাওয়া শিক্ষার্থীদের নিয়ে সরকারের নতুন নির্দেশনা

৬ষ্ঠ ও একাদশ শ্রেণির উপবৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ ও প্রেরণ নিয়ে নতুন নির্দেশনা দিয়েছে স রকার। বাবা-মায়ের মৃত্যু কিংবা বিবাহ বিচ্ছেদের কারণে যে -সব শিক্ষার্থীর অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (এনআইডি) নম্বর এইচএসপি-এমআইএস সফটওয়্যারে যুক্ত করা সম্ভব হচ্ছে না, তাদের আলাদা করে চিহ্নিত করে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক তথ্য আগামী ৭ মে,র মধ্যে পাঠাতে বলা হয়ে ছে। রোববার (৩ মে) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট থেকে পাঠানো এক চিঠিতে এই নির্দেশনা দেওয়া হয়। চিঠিতে বলা হয় , ট্রাস্টের আওতায় বাস্তবায়নাধীন সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ৬ষ্ঠ, একাদশ ও সমমান শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে এ ইচএসপি-এমআইএস সফটওয়্যারে তথ্য এন্ট্রি কার্যক্রম চলছে। তবে কিছু শিক্ষার্থীর ক্ষেত্রে বাবা বা মায়ের মৃত্যু , উভয়ের মৃত্যু কিংবা বিবাহ বিচ্ছেদের কারণে সংশ্লিষ্ট এনআইডি নম্বর প্রদান সম্ভব হচ্ছে না। এ অবস্থায় , যে-সব শিক্ষার্থীর ক্ষেত্রে শুধু বাবা জীবিত , শুধু মা জীবিত, কেউই জীবিত নেই অথবা বিবাহ বিচ্ছেদের কারণে বাবা -মায়ের এনআইডি দেওয়া যাচ্ছে না, তাদের আলাদা করে তথ্য সংগ্রহের নির্দেশ দেওয়া হয়েছে। চিঠিতে উপজেলা অথবা থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানভিত্তিক এসব শিক্ষার্থীর তথ্য পাঠাতে ব লা হয়েছে। নির্ধারিত ছকে শ্রেণি , প্রতিষ্ঠানের নাম, শিক্ষার্থীর সংখ্যা, বাবা-মায়ের মৃত্যুজনিত কারণে এনআইডি না থাকা শিক্ষার্থীর সংখ্যা এবং বিবাহ বিচ্ছেদের কারণে এনআইডি না থাকা শিক্ষার্থীর সংখ্যা উল্লেখ করতে হবে। এর সঙ্গে সংশ্লিষ্ট উপজেলার নাম ও শিক্ষাপ্রতিষ্ঠা নের ইআইআইএন নম্বরও দিতে হবে। চিঠিতে আরও বলা হয়, এই তথ্য আগামী ৭ মে তারিখের মধ্যে পাঠাতে হবে এবং বিষয়টি `অতি জরুরি, হিসেবে উল্লেখ করা হয়েছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## ইউনূস সরকারের কর্মকাণ্ডের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট

সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের আমলে করা সার্বিক কাজের (কর্মকাণ্ডের) বৈধতা চ্যালেঞ্জ করে রিট আবেদন করা হয়েছে। ওই সরকারের সময় গৃহীত সিদ্ধান্তের মধ্যে বিভিন্ন বিষয়ে আইন প্রণয়ন, সংস্কার কমিশন ও দেশি-বিদেশি চুক্তির বৈধতাও চ্যালেঞ্জ করা হয়েছে রিটে। রিটে এসব বিষয়ে কমিশন গঠন করে ইন কোয়ারি (অনুসন্ধান) করার আর্জি জানানো হয়েছে। একইসঙ্গে, সাবেক প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বিরুদ্ধে কোনো দুর্নীতির অভিযোগ রয়েছে কিনা, সেটিও খতিয়ে দেখার আর্জি জানানো হয়েছে। জনস্বার্থে সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী মুহাম্মদ মুহসিন রশিদ রোববার (৩ মে) হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এই রিটটি দায়ের করেন। রিটে ক্যাবিনেট সচিব ও আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের দুই সচিবকে বিবাদী করা হয়েছে। রিটের বিষয়টি সোমবার (৪ মে) নিশ্চিত করেন সিনিয়র আইনজীবী মুহাম্মদ মুহসিন রশিদ নিজে। এ সংক্রান্ত বিষয়ে আজ দুপুর ১টায় ব্রিফিংয়ে সাংবাদিকদের বিস্তারিত জানানো হবে বলে জানিয়েছেন আইনজীবী। এর আগে, শপথ ও এই সরকারের গঠন প্রক্রিয়াকে বৈধতা চ্যালেঞ্জ করে রিট আবেদন দায়ের করেছিলেন সুপ্রিম কোর্টের এই আইনজীবী। ওই রিট আবেদন হাইকোর্টের একটি বেঞ্চ খারিজ করে দিয়েছিলেন। এর পর তিনি ওই খারিজ আদেশের বিরুদ্ধে আপিল আবেদন করেছিলেন। ২০২৪ সালের ৪ ডিসেম্বর ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন গঠিত অন্তর্বর্তী সরকারের শপথ ও এই সরকারের গঠন প্রক্রিয়াকে বৈধ ঘোষণা করে হাইকোর্টের দেওয়া রায় বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। একইসঙ্গে হাইকোর্টের এ সংক্রান্ত রায়ের বিরুদ্ধে রিটকারীর লিভ টু আপিলটি পর্যবেক্ষণসহ খারিজ করা হয়েছে বলে জানিয়েছেন আইনজীবীরা। তৎকালীন প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন সাত সদস্যের পূর্ণাঙ্গ ও নিয়মিত আপিল বেঞ্চ এই আদেশ দেন। এর পর আবার অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার কার্যক্রম চ্যালেঞ্জ করে রিট আবেদন দায়ের করা হয়।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## দুই শিক্ষার্থী হত্যার বিচারের জন্য যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে যোগাযোগ রাখছি: শামা ওবায়েদ

যুক্তরাষ্ট্রে বাংলাদেশি দুই শিক্ষার্থীকে হত্যার ঘটনায় সুষ্ঠু বিচারের লক্ষ্যে মার্কিন সরকারের সঙ্গে যোগাযোগ রাখা হচ্ছে বলে জানিয়েছেন, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। সোমবার (৪ মে) সকালে রাজধানীর হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে লিমনের মরদেহ হস্তান্তর করতে গিয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, যুক্তরাষ্ট্রের সরকারের সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে, যাতে এই হত্যাকাণ্ডের সুবিচার নিশ্চিত করা যায়। পাশাপাশি বৃষ্টির মরদেহও দ্রুত সময়ের মধ্যে ফিরিয়ে আনার ব্যবস্থা করছে সরকার। আজ সকাল ৮টা ৪৭ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে লিমনের মরদেহ বহনকারী এমিরেটস এয়ারলাইনসের একটি ফ্লাইটে অবতরণ করে। মরদেহ গ্রহণ করতে বিমানবন্দরে প্রবেশ করার সময় তার মামা জানান, লিমনের মরদেহ নেওয়া হবে জামালপুরে গ্রামের বাড়িতে। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

বন্ধ কারখানা বিষয়ে বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সঙ্গে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ (সোমবার, ৪ মে) সকালে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের প্রধানমন্ত্রীর দপ্তরে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির এবং প্রতিমন্ত্রী মো. শরীফুল আলমসহ অংশ নেন। এসময় গত এপ্রিলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মন্ত্রী জানিয়েছিলেন, বেসরকারি উদ্যোগে ছয় মাসের মধ্যে বন্ধ ছয়টি সরকারি পাটকল চালু করা হবে। পর্যায়ক্রমে বন্ধ বাকি পাটকলগুলো চালু অথবা ইজারা দেওয়ার সরকারি সিদ্ধান্তের কথাও জানিয়েছিলেন মন্ত্রী। এতে করে একদিকে যেমন বিনিয়োগ বাড়বে, তেমনি রপ্তানি ও কর্মসংস্থান বৃদ্ধি পাবে বলে প্রত্যাশা সরকারের। এসময় উপস্থিত ছিলেন, প্রধানমন্ত্রীর রাজনৈতিক এবং শিল্প বিষয়ক উপদেষ্টা রুহুল কবীর রিজভী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী শরীফুল আলম, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান চৌধুরী আশিক মাহমুদ বিন হারুনসহ অনেকে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বাণিজ্য চুক্তির বৈধতা চ্যালেঞ্জ করে রিট

বাংলাদেশ ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত রিসিপ্রোকাল ট্রেড অ্যাগ্রিমেন্টের বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করা হয়েছে। সোমবার (৪ মে) আইনজীবী মোহাম্মদ মঈদুল ইসলাম পলক রিটটি করেন এবং অ্যাডভোকেট সুবীর নন্দী দাস তা আদালতে উপস্থাপন করেন। রিটে চুক্তিটিকে অযৌক্তিক, কাঠামোগতভাবে অসম ও বাংলাদেশের জাতীয় স্বার্থপরিপন্থি বলা হয়েছে। এতে অভিযোগ করা হয়, চুক্তিটি দেশের অর্থনৈতিক সার্বভৌমত্ব ও জনকল্যাণ সুরক্ষায় ব্যর্থ হয়েছে এবং সংবিধানের নির্ধারিত প্রক্রিয়া অনুসরণ করা হয়নি। রিটে পররাষ্ট্র, অর্থ ও বাণিজ্য মন্ত্রণালয়ের সচিবদের বিবাদী করা হয়েছে। চুক্তিতে বাংলাদেশের ওপর অসম শুল্ক কাঠামো, নীতি-নির্ধারণী স্বাধীনতা খর্ব এবং দেশীয় শিল্প, কৃষি ও পরিবেশের সম্ভাব্য ক্ষতির বিষয়টি তুলে ধরা হয়েছে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## বিমানের ৪ পাইলটের লাইসেন্স জালিয়াতির অভিযোগে রুল জারি

টেলিভিশনে সংবাদ প্র কাশের পর বিমানের ৪ পাইলটের লাইসেন্স জাল -জালিয়াতির অভিযোগে এবার রুল জারি করেছেন হাইকোর্ট। গত ১২ মার্চ এখন টেলিভিশনে এ সংক্রান্ত সংবাদ প্রকাশিত হয়। আদালত সিভিল এভিয়েশন অথরিটি অফ বাংলাদেশের কাছে জানতে চেয়েছেন, অভিযুক্ত পাইলটদের কমার্সিয়াল পাইলট লাইসেন্স যাচাই সংক্রান্ত তদন্ত সম্পন্ন করতে কেন ব্যর্থ হয়েছে এবং কেন তারা এ বিষয়ে নিষ্ক্রিয় ছিল । এ সংক্রান্ত রুলে হাইকোর্ট প্রশ্ন তুলেছেন, কেন এ ব্যর্থতা ও নিষ্ক্রিয়তাকে অবৈধ ঘোষণা করা হবে না ? কেন তাদেরকে ১৫ দিনের মধ্যে তদন্ত শেষ করার নির্দেশ দে ওয়া হবে না ? বিশেষ করে বি ষয়টি বিমান নিরাপত্তার সঙ্গে সরাসরি সম্পৃক্ত হওয়ায় আদালত গুরুত্বারোপ করেছেন। রুলে আরও বলা হয়েছে , এ আদেশের জবাব সংশ্লিষ্টদের ৪ সপ্তাহের মধ্যে আদালতে দাখিল করতে হবে এবং সরকারি নিয়মে রেসপন্ডেন্টদের কাছে নোটিশ পাঠানো হবে। এছাড়া , আদালত সংশ্লিষ্ট কর্মকর্তাদের জবাবদিহির আওতায় এনে প্রয়োজনে দ্রুত তদন্ত সম্পন্নের নির্দেশ দেওয়ার ইঙ্গিত দিয়েছেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## রামপাল তাপ বিদ্যুৎকেন্দ্রে উৎপাদনে নতুন রেকর্ড

জাতীয় পর্যায়ে বিদ্যুৎ উৎপাদনে রেকর্ড করেছে বাংলাদেশ ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি লি মিটেড (বিআইএফপিসিএল)-মৈত্রী সুপার থার্মাল পাওয়ার প্ল্যান্ট। গত এপ্রিল মাসে ৭৬০ মিলিয়ন ইউনিট বিদ্যুৎ উৎপাদন করেছে প্রতিষ্ঠানটি, যা দেশের মোট বিদ্যুৎ উৎপাদনের ৯ শতাংশের বেশি। রোববার দুপুরে বিআইএফপিসিএল,র উপ-মহাব্যবস্থাপক আনোয়ারুল আজিম বাসস কে এই তথ্য জানান। বাং লাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার কোম্পানি লিমিটেড (বিআইএফপিসিএল)-এর ব্যবস্থাপনা পরিচালক শ্রী রমানাথ পূজারি বলেন, ”সর্বোচ্চ চাহিদার সময়ে প্রায় পূর্ণ সক্ষমতায় কেন্দ্রটি পরিচালনা করা আমাদের আধুনিক নকশা এবং টিমের নিরলস প্রচেষ্টারই প্রতিফলন। এই সাফল্য আমাদের কঠোর পরিচালন পদ্ধতি এবং দুই দেশের মধ্যকার সফ ল সহযোগিতার এক অনন্য নিদর্শনও। „ বর্তমানে কেন্দ্রটি ভারতের এনটিপিসি বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে প্রশিক্ষণপ্রাপ্ত একদল দক্ষ বাংলাদেশি প্রকৌশলী দ্বারা পরিচালিত হচ্ছে। এনটিপিসি বর্তমানে উপদেষ্টা হিসেবে সহায়তা দিচ্ছে। তবে স্থানীয় মেধাবী প্রকৌশলীদের দ্বারা এই বিশালাকার কেন্দ্রের দৈনন্দিন পরিচালনা দেশের কারিগরি সক্ষমতা অর্জনের পথে একটি বড় অর্জন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## পুলিশের নতুন পোশাক মানানসই নয়: স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছে ন, পুলিশের নতুন পোশাক মানানসই নয় , তাই আগের পোশাকেই ফিরছে পুলিশ। তিনি বলেন, শার্ট আগের মতোই থাকবে- মেট্রোপলিটন এলাকায় সবুজ এবং সারা দেশে নীল। প্যান্ট থাকবে খাকি রঙের। সোমবার (০৪ মে) দুপুরে সাংবাদিকদের তিনি এসব কথা বলে ন। তিনি বলেন , গত ৫ আগস্টের পর বেশ কিছু শীর্ষ সন্ত্রাসী আদালতের মাধ্যমে জামিন পেয়েছে , এ বিষয়ে সরকারের কিছু করার নেই। তবে এসব ব্যক্তি সমাজে অস্থিরতা তৈরির চেষ্টা করছে। অন্তর্বর্তী সরকার এসব পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছে। তিনি আরও বলেন , বর্তমান সরকার জনগণের ম্যান্ডেট নিয়ে ক্ষমতায় এসেছে এবং আইন -শৃঙ্খলা পরিস্থিতি উন্নত করতে প্রয়োজনীয় সব পদক্ষেপ নেওয়া হবে। জনগণকে স্বস্তি দিতে কাজ করছে সরকার , যদিও এর জন্য কিছুটা সময় লাগতে পারে। এছাড়া সম্প্রতি যে-সব পুলিশ কর্মকর্তাকে বাধ্যতামূলক অবসরে পাঠানো হয়েছে , তা নিয়মিত প্রশাসনিক প্রক্রিয়ার অংশ বলে তিনি জানান। এর সঙ্গে কোনো রাজনৈতিক সংশ্লিষ্টতা নেই বলে তিনি জানিয়েছেন।

(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## হাওরের ক্ষতিগ্রস্ত কৃষকদের সাড়ে ৭ হাজার টাকা করে দেওয়া হবে: কৃষিমন্ত্রী

বন্যায় ক্ষতিগ্রস্ত হাওর অঞ্চলের কৃষকদের সাড়ে ৭ হাজার টাকা করে সহায়তা দেওয়া হবে বলে জানিয়েছেন কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ। তিনি বলেছেন, ক্ষতিগ্রস্ত কৃষকদের তালিকা তৈরি হচ্ছে। ক্ষতির পরিমাণ বিবেচনায় সাড়ে ৭ হাজার টাকা থেকে শুরু করে আরো বেশি আর্থিক সহায়তা দেওয়া হবে। আগামী তিন মাস চলবে এই সহায়তা কার্যক্রম। সোমবার (৪ মে) সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনের তৃতীয় অধিবেশন শেষে সাংবাদিকদের এসব কথা বলেন মন্ত্রী। আলুর বাম্পার ফলন হলেও , সংরক্ষণ ও বাজারজাতকরণ ব্যবস্থার দুর্বলতার কারণে কৃষক রা ন্যায্য মূল্য থেকে বঞ্চিত হচ্ছে ব লে সম্মেলনে উদ্বেগ প্রকাশ করেন জেলা প্রশাসকরা। তারা এ সমস্যার দীর্ঘমেয়াদি সমাধানের ওপর জোর দেন। জবাবে কৃষিমন্ত্রী বলেন , আলুর বাজার সম্প্রসারণ এবং রপ্তানি বাড়ানোর মাধ্যমে এ সংকট কাটানোর পরিকল্পনা করছে সরকার। সম্মেলনে কোরবানির পশুর বাজার নিয়েও আলোচনা হয়। কৃষি মন্ত্রী বলেন, দেশে কোরবানির গরুর কোনো ঘাটতি নেই , উদ্বৃত্তও নেই। বাজারে সংকট সৃষ্টি হওয়ার আশঙ্কা নেই বলে তিনি আশ্বস্ত করেন। আগামী দিনে সীমান্ত দিয়ে নতুন করে গরু আসার কোনো সম্ভাবনা নেই বলেও জানান মন্ত্রী।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## ওয়াশিংটন ডিসিতে বিনিয়োগ সম্মেলনে বাংলাদেশি প্রতিনিধিদলের নেতৃত্বে মার্কিন রাষ্ট্রদূত

দ্বিপাক্ষিক বিনিয়োগ ও ব্যবসায়িক সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে ওয়াশিংটন ডিসিতে আয়োজিত ২০২৬ সালের সিলেক্টইউএসএ ইনভেস্টমেন্ট সামিটে ২৫ সদস্যের একটি বাংলাদেশি ব্যবসায়ী প্রতিনিধিদলের নেতৃত্ব দিচ্ছেন বাংলাদেশে নিযুক্ত মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট টি . ক্রিস্টেনসেন। যুক্তরাষ্ট্রের রাজধানী ওয়াশিংটন ডিসিতে ৩ থেকে ৬ মে পর্যন্ত চলা এই সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিদলে জ্বালানি, প্রযুক্তি, কৃষিব্যবসা, প্রকৌশল ও ব্যবসায়িক সেবা খাতের মতো গুরুত্বপূর্ণ খাতের ২৫ জন শীর্ষ ব্যবসায়ী নেতা অংশ নিচ্ছেন। আজ ঢাকায় মার্কিন দূতাবাস থেকে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে। মার্কিন বাণিজ্য মন্ত্রী হাওয়ার্ড লাটনিকের আয়োজনে এই সম্মেলনকে সরাসরি বৈদেশিক বিনিয়োগের (এফডিআই) প্রধান প্ল্যাটফর্ম হিসেবে বিবেচনা করা হয়। এর মাধ্যমে বিদেশি কোম্পানিগুলোর সঙ্গে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক উন্নয়ন সংস্থাগুলোর সংযোগ স্থাপন করা হয়, যা নতুন বিনিয়োগ ও কর্মসংস্থান সৃষ্টিতে সহায়ক ভূমিকা রাখে। এবারের সম্মেলনটি এমন এক সময়ে অনুষ্ঠিত হচ্ছে, যখন যুক্তরাষ্ট্র তার স্বাধীনতার ২৫০তম বার্ষিকী উদ্‌যাপন করছে। সম্মেলনে তুলে ধরা হবে, কীভাবে বৈদেশিক বিনিয়োগ যুক্তরাষ্ট্রের উদ্ভাবন ও অর্থনৈতিক প্রবৃদ্ধির পরবর্তী ধাপকে এগিয়ে নিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বিবৃতিতে আরও বলা হয়, এই উদ্যোগ বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে অর্থনৈতিক সম্পর্ককে আরও সুদৃঢ় করবে এবং বিনিয়োগের সুযোগ সম্প্রসারিত করবে বলে আশা করা হচ্ছে।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## জিয়াউর রহমান ও বেগম খালেদা জিয়ার সমাধিতে সংরক্ষিত নারী এমপিদের শ্রদ্ধা

বিএনপির সংরক্ষিত নারী আসনের নবনির্বাচিত সংসদ সদস্যরা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সমাধিতে শ্রদ্ধা জানিয়েছেন। সোমবার (০৪ মে) দুপুরে রাজধানীর শের-ই-বাংলা নগরের জিয়া উদ্যানে গিয়ে তারা ফুল দিয়ে সম্মান জানান এবং দোয়া-মোনাজাতে অংশ নেন। এ সময় বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর উপস্থিত থেকে তাদের নেতৃত্ব দেন। তিনি নতুন সদস্যদের সঙ্গে নিয়ে মাজার প্রাঙ্গণে গিয়ে মরহুমদের আত্মার মাগফেরাত কামনা করেন। এর আগে, রোববার রাত ৯টার দিকে জাতীয় সংসদ ভবনের শপথ কক্ষে সংরক্ষিত নারী আসনের ৪৯ জন সদস্য শপথগ্রহণ করেন। স্পিকার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমদ তাদের শপথ পাঠ করান।(রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## মুক্তাগাছায় ট্রাক চাপায় মা-মেয়েসহ চারজন নিহত

ময়মনসিংহের মুক্তাগাছার মনতলায় ট্রাক চাপায় সিএনজির যাত্রী মা-মেয়েসহ চারজন নিহত হয়েছেন। আহত হয়েছেন আরও চারজন। আজ (সোমবার, ৪ মে) বেলা সাড়ে ১১টার দিকে মুক্তাগাছার মনতলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনায় সিএনজিটি দুমড়ে-মুচড়ে যায়। বালুভর্তি ট্রাক সড়কের মাঝখানে উল্টে যাওয়ায় ময়মনসিংহ-টাঙ্গাইল ও জামালপুর সড়কে যান চলাচল বন্ধ ছিল প্রায় আড়াই ঘণ্টা। স্থানীয়রা জানায়, ময়মনসিংহ থেকে যাত্রী নিয়ে জামালপুরের উদ্দেশ্যে যাচ্ছিল একটি সিএনজিটি। এ সময় বিপরীত দিক থেকে আসা একটি বালুভর্তি ট্রাক অটোরিকশাটিকে চাপা দেয়। এতে দুমড়ে-মুচড়ে গিয়ে ঘটনাস্থলেই নিহত হন সিএনজিতে থাকা যাত্রী মা ফারজানা আক্তার শিউলি ও তার পঞ্চম শ্রেণি পড়ুয়া মেয়ে খোশনূর জান্নাত রিনতি (১১) এবং আইনজীবী হোসনে আরা। (রেডিও টুডে ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ এলিনা)

## সুনামগঞ্জে বাস ও অটোরিকশার মুখোমুখি সংঘর্ষে নিহত৬

সিলেট-সুনামগঞ্জ মহাসড়কে বাস ও অটোরিকশা সিএনজির মুখোমুখি সংঘর্ষে ছয়জন নিহত হয়েছেন। সোমবার (৪ মে) দুপুর আড়াইটার দিকে মহাসড়কের জালালপুর এলাকায় দুর্ঘটনাটি ঘটে। ঘটনাস্থলেই দুইজন নিহত হন। পরে গুরুতর আহতদের উদ্ধার করে সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় আরও বাকিদের মৃত্যু হয়। তাৎক্ষণিকভাবে নিহতদের পরিচয় জানা যায়নি। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, সুনামগঞ্জ থেকে যাত্রীবাহী একটি সিএনজি সিলেটের উদ্দেশ্যে যাচ্ছিল। বিপরীত দিক থেকে আসা রিফাত পরিবহণের একটি বাসের সঙ্গে জালালপুর এলাকায় মুখোমুখি সংঘর্ষ হয়। এতে সিএনজিটি বাসের নিচে চাপা পড়ে মারাত্মক ক্ষতিগ্রস্ত হয়। বিভাগীয় ভ্রমণ গাইড সুনামগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার (মিডিয়া) সুজন সরকার জানান, দুর্ঘটনায় ঘটনাস্থলেই দুইজন নিহত হন এবং পরে হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় আরও তিনজন মারা যান। নিহতদের পরিচয় শনাক্তের চেষ্টা চলছে। তিনি বলেন, দুর্ঘটনার পর মহাসড়কে কিছু সময়ের জন্য যান চলাচল ব্যাহত হয়। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে এনে যান চলাচল স্বাভাবিক করেছে। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ দিতে হলে সংসদকে শক্তিশালী করতে হবে: চিফ হুইপ

জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, গণতন্ত্রের প্রাতিষ্ঠানিক রূপ দিতে হলে সংসদকে শক্তিশালী করতে হবে। তিনি বলেন, সংসদে বিরোধী দল ও সরকারি দল ঐকমত্য পোষণ করলে অনেক সমস্যার সমাধান হয়ে যায়। জ্বালানি বিষয়ক বিশেষ কমিটি গঠনের ফলে দেশে জ্বালানি সমস্যার সমাধান হয়েছে। আজ জাতীয় সংসদের চিফ

হুইপ মো . নূরুল ইসলামের সঙ্গে তার কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেছেন ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রামের একটি প্রতিনিধি দল। এসময় তিনি এসব কথা বলেন। চিফ হুইপের সঙ্গে সাক্ষাৎ করেন ইউএনডিপির সহকারী আবাসিক প্রতিনিধি আনোয়ারুল হক , সহকারী প্রোগ্রাম উপদেষ্টা গভর্ন্যান্স ড্রাগন পপভিচ এবং প্রকল্প ব্যবস্থাপক মাহমুদুল হাসান। সাক্ষাৎকালে তারা স্ট্রেনদেনিং পার্লামেন্ট , ই-গভর্ন্যান্স, ই-পার্লামেন্ট, দারিদ্র্য দূরীকরণ, পরিবেশ উন্নয়ন, বাক্‌স্বাধীনতা, জাতীয় সংসদের অধিবেশন ও সংসদের কার্যপ্রণালি বিধিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## স্পিকারের সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম এমপির সঙ্গে সৌজন্য সাক্ষা ৎ করেছেন সৌদি আরবের রাষ্ট্রদূত ড. আব্দুল্লাহ জাফর বিন আবিয়াহ। সোমবার তার কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম বলেন , "বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে রয়েছে গভীর ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ক। বাংলাদেশ থেকে প্রতি বছর প্রচুরসংখ্যক হজ যা ত্রী মক্কা ও মদীনায় গমন করেন। „ তিনি বলেন, "ধর্মীয় অভিন্নতার ভিত্তিতে পবিত্র হজ পালন দুই দেশের জনগণের মধ্যে পারস্পরিক শ্রদ্ধা এবং দীর্ঘমেয়াদি বন্ধুত্বপূর্ণ দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও দৃঢ় করে। „ স্পিকার বলেন, "২০২৬ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বা চনের মধ্যদিয়ে বাংলাদেশের গণতান্ত্রিক অগ্রযাত্রা সমুন্নত হয়েছে। বিগত আওয়ামী সরকারের ১৬ বছরের নির্বাচনে বাংলাদেশের জনগণের গণতান্ত্রিক অধিকার ক্ষুণ্ন হয়েছে। সাক্ষাৎকালে তারা উভয়েই দুই দেশের মধ্যে আন্তঃসংসদীয় সম্পর্ক জোরদারকরণ , সংসদীয় মৈত্রী গ্রুপ গঠন নিয়ে ম তবিনিময় করেন। এসময় তারা চলমান মধ্যপ্রাচ্য সংকটে আমেরিকা ও ইরানের ভূমিকা নিয়ে আলোচনা করেন। স্পিকার সৌদি রাষ্ট্রদূতকে এসময় রোহিঙ্গা সংকট নিরসনে ওআইসির কার্যকরী ভূমিকা রাখার প্রস্তাব করেন। অনুষ্ঠানে সৌদি আরব দূতাবাসের প্রতিনিধিদলের সদস্য এবং বাংলাদেশ জাতীয় সং সদ সচিবালয়ের সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## দাদা-দাদির কবরের পাশে সমাহিত লিমন

যুক্তরাষ্ট্রের ফ্লোরিডায় হত্যার শিকার বাংলাদেশি শিক্ষার্থী জামিল আহমেদ লিমনের মরদেহ আজ সোমবার সকালে দেশে পৌঁছেছে। সন্ধ্যায় জা নাজা শেষে জামালপুরের মাদারগঞ্জের লালডোবা গ্রামে বাড়ির আঙিনায় দাদা -দাদির কবরের পাশে তাঁর মরদেহ দাফন করা হয়। নিহত আরেক শিক্ষার্থী নাহিদা সুলতানা বৃষ্টির জানাজা আগামী বুধবার ফ্লোরিডায় অনুষ্ঠিত হবে। পরদিন তার মরদেহ দেশে ফিরিয়ে আনার প্রক্রিয়া চলছে।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## বিজেপি একশ'র বেশি আসন চুরি করেছে, এই জয় অনৈতিক : মমতা

পশ্চিমবঙ্গে বিজেপির বড়ো ব্যবধানে এগিয়ে থাকার পর তৃণমূল প্রধান ও রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বিজেপির বিরুদ্ধে ভোট চুরির অভিযোগ তুলেছেন। তিনি বলেছেন , বিজেপি একশ 'র বেশি আসন চুরি করেছে , এই জয় অনৈতিক। সোমবার রাতে সাংবাদিকদের সামনে এই মন্তব্য করেন তিনি। মমতা ব্যানার্জি বলেন , বিজেপি জালিয়াতি করেছে। নির্বাচন কমিশন এখন বিজেপি কমিশনে পরিণত হয়েছে। আমরা বারবার এ নিয়ে অভিযোগ জানিয়েছি। কিন্তু কেউ শোনেনি। বিজেপির এই জয় 'অনৈতিক' উল্লেখ করে তিনি বলেন, প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রীর যোগসাজশে নির্বাচন কমিশন যা করেছে , তা পুরোপুরি অনৈতিক। তারা জোরপূর্বক এসআইআর পরিচালনা করেছে। তারা অত্যাচার চালিয়েছে। তারা কাউন্টিং এজেন্টদের গ্রেফতার করেছে। আমরা লড়াই চালিয়ে যাব।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

## অবশেষে বিজেপির পশ্চিমবঙ্গ জয়

পশ্চিমবঙ্গ রাজ্যের বিধানসভা নির্বাচনে সংখ্যাগরিষ্ঠ আসনে বিজয়ী হয়েছে ভারতীয় জনতা পার্টি বা বিজেপি। ভারতের নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী , রাত পৌনে ১০টা নাগাদ বেসরকারি ফলাফলে বিজেপি ১৬৭টি আসনে বিজয়ী হয়েছে। অন্যদি কে তৃণমূল কংগ্রেস বিজয়ী হয়েছে ৫৯টি আসনে। যে ৬১টি আসনে ফলাফল ঘোষণা এখনো বাকি রয়েছে, সেগুলোর মধ্যে বিজেপি ৪১টি আর তৃণমূল কংগ্রেস ২০টি এগিয়ে রয়েছে। কংগ্রেস আর সিপিআই (এম) বিজয়ী হয়েছে দুইটি করে আসনে। অন্যদিকে অল ইন্ডিয়া সেক্যুলার ফ্রন্ট বিজয়ী হয়েছে একটি আসনে ।
(রেডিও টুডে ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ আসাদ)

# জাগো নিউজ

## কোরবানির বর্জ্য ১২ ঘণ্টার মধ্যে অপসারণের নির্দেশ প্রধানমন্ত্রীর

আগামী পবিত্র ঈদুল আজহার কোরবানির বর্জ্য ১২ ঘণ্টার মধ্যে অপসারণের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (৪ মে) সচিবালয়ে সংশ্লিষ্ট দের সঙ্গে ঈদুল আজহার ব্যবস্থাপনা নিয়ে বৈঠকে প্রধানমন্ত্রী এমন নির্দেশনা দেন। বৈঠক শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ সাংবাদিকদের এ তথ্য জানান। দেশের আকাশে জিলহজ মাসের চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৮ মে মুসলমানদের দ্বিতীয় বড়ো ধর্মীয় উৎসব ঈদুল আজহা বা কোরবানির ঈদ

উদ্‌যাপিত হতে পারে। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "কোরবানি পরবর্তী যে বিষয়টা সবচেয়ে গুরুত্বপূর্ণ, সেটা হলো বর্জ্য ব্যবস্থাপনা। আমরা আজই সিদ্ধান্ত পেয়েছি, প্রধানমন্ত্রী দিয়েছেন। ১২ ঘণ্টার মধ্যে সব সিটি করপোরেশন, পৌরসভা, জেলা পর্যায় ও সংশ্লিষ্ট সব জায়গা, যেখানে বর্জ্য উপচে পড়ার একটা বিষয় থাকে, পরিষ্কার হতো না আগে, সেটা ১২ ঘণ্টার ভেতর পরিষ্কার নিশ্চিত করার জন্য তিনি (প্রধানমন্ত্রী) অনুশাসন জারি করেছেন, নির্দেশনা দিয়েছেন। সিটি করপোরেশনের দুই প্রশাসক এখানে ছিলেন।" সালাহউদ্দিন আহমদ বলেন, "আগামী কয়েকদিনের মধ্যে স্থানীয় সরকারমন্ত্রী, প্রতিমন্ত্রী- ওনারা সারা দেশে সিটি করপোরেশনের প্রশাসক এবং মেয়রদের সঙ্গে বসবেন, জেলা প্রশাসকদের নির্দেশনা দেবেন। আমরা এটা নিশ্চিত করতে চাই এবং দেশবাসীকে দেখাতে চাই, প্রধানমন্ত্রীর নির্দেশনা অক্ষরে অক্ষরে প্রতিপালিত হবে এবং বর্জ্য প রিষ্কার হবে ১২ ঘণ্টার মধ্যে এবং স্যানিটেশনসহ অন্য সব কিছুর ব্যবস্থা নেওয়া হবে, যাতে জনস্বাস্থ্যটা ঠিক থাকে।" ঈদ ঘিরে চাঁদাবাজির বিষয়ে একজন সাংবাদিক দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, চামড়ার বিষয়ে? এটা স্বরাষ্ট্র মন্ত্রণালয় দেখবে। আমরা কঠোরভাবে এটা নিয়ন্ত্রণ করবো, ইনশাল্লাহ। তখন চামড়ার যথাযথ দাম না পাওয়া নিয়ে কথা হলে তিনি বলেন, পাবে এবার। সালাহউদ্দিন আহমদ আরও বলেন, "অন্য একটা গুরুত্বপূর্ণ বিষয় হলো, সড়ক-মহাসড়কের ওপর কোনো রকমের গরুর হাট বা পশুর হাট করতে দেওয়া যাবে না। আর রেললাইনের অন্তত এমন দূরবর্তী স্থানে (হাট) নির্ধারণ করতে হবে, যাতে রেললাইনে কোনো প্রতিবন্ধকতা এবং পশু পারাপারের সময় যাতে রেললাইনে চলাচলে কোনো অসুবিধা না হয়।"

(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## চলচ্চিত্র মানুষের মনোজগৎ গঠনের শক্তিশালী মাধ্যম: তথ্যমন্ত্রী

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্ব পন বলেছেন, চলচ্চিত্র শুধু বিনোদনের মাধ্যম নয়, বরং মানুষের দৃষ্টিভঙ্গি, চিন্তাধারা ও মনোজগৎ নির্মাণের একটি অত্যন্ত শক্তিশালী মাধ্যম। একটি সৃষ্টিশীল কাজ, হোক তা চলচ্চিত্র বা বই, মানুষের চিন্তায় গভীর পরিবর্তন বা 'প্যারাডাইম শিফট' ঘটাতে সক্ষম। সোমবার (৪ মে) জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক মিলনায়তনে সত্যজিৎ রায় উৎস বে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ইতিহাস, ঐতিহ্য, পরিষদ ও ইন্ডিয়ান কাউন্সিল ফর কালচারাল রিলেশনের যৌথ উদ্যোগে এ উৎসবের আয়োজন করা হয়। তথ্যমন্ত্রী বলেন, কমিউনিকেশন ও সৃষ্টিশীলতার সঙ্গে যুক্ত ব্যক্তিরা সমাজে মানুষের মনোজগৎ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। তাদের কাজের মাধ্যমেই সাধারণ মানুষের চিন্তার কাঠামো তৈরি হয় এবং সমাজে নতুন দৃষ্টিভঙ্গির জন্ম হয়। তিনি বলেন, উপমহাদেশের ইতিহাস, বিশেষ করে ১৯৪৭ এর ভারত ভাগ আমাদের সাহিত্য, সংস্কৃতি ও সামগ্রিক চিন্তাজগতে গভীর প্রভাব ফেলেছে। তবে, এই ঐতিহাসিক প্রভাব যেন চিন্তার স্বাধীনতাকে সীমাবদ্ধ না করে, সে বিষয়ে সজাগ থাকার আহ্বান জানান তিনি। তিনি ইতিহাস ও ঐতিহ্য নিয়ে কাজ করা প্রতিষ্ঠানগুলোর কার্যক্রম আরও সম্প্রসার ণের আহ্বান জানান এবং তরুণদের সঙ্গে সংযোগ বাড়ানোর ওপর গুরুত্ব দেন। তথ্যমন্ত্রী সত্যজিৎ রায়ের মানবিকতা ও মুক্তচিন্তার দর্শন আজও সমানভাবে প্রাসঙ্গিক, উল্লেখ করে সমসাময়িক প্রেক্ষাপটে এই মূল্যবোধকে ধারণ ও চর্চার মাধ্যমে সমাজকে আরও এগিয়ে নিতে সৃষ্টিশীল ব্যক্তি দের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন ভারতের ভারপ্রাপ্ত হাইকমিশনার পাওয়ান বাড়ে, চলচ্চিত্র গবেষক অধ্যাপক মঈন উদ্দিন খালেদ, চলচ্চিত্র নির্মাতা তানভির মোকাম্মেল, অভিনেতা ও নির্মাতা তৌকির আহমেদ ও চলচ্চিত্র বিশ্লেষক বিধান রিবেরু। এর আগে, তথ্যমন্ত্রী অনুষ্ঠানস্থলে সত্যজিৎ রায়ের ওপর অঙ্কিত চিত্রকর্মের প্রদর্শনী ঘুরে দেখেন এবং পরিদর্শন বইয়ে সই করেন। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীসহ চলচ্চিত্রপ্রেমীরা উপস্থিত ছিলেন। তথ্যমন্ত্রী এরপর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির নতুন কমিটির দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে অংশ নেন।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## কুকি-চিনের মামলায় জামিন জালিয়াতি, বেঞ্চ অফিসার বরখাস্ত

সশস্ত্র সংগঠন কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের (কেএনএফ) জন্য তৈরি ২০ হাজার পোশাক জব্দের মামলার প্রধান আসামি সাহেদুল ইসলামের জামিন জালিয়াতির ঘটনায় হাইকোর্টের এক বেঞ্চ অফিসারকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। সুপ্রিম কোর্ট প্রশাসন সূত্র বিষয়টি নিশ্চিত করেছে যে, সাময়িক বরখাস্ত হওয়া ওই কর্মকর্তার নাম জাকির হোসেন। তাকে বরখাস্তের পাশাপাশি, কেন তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা জানতে চেয়ে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দেওয়া হয়েছে। এর আগে, ২৯ এপ্রিল এই ভয়াবহ জালিয়াতির তথ্য প্রধান বিচারপতির নজরে আনেন রাষ্ট্রের প্রধান আইন কর্মকর্তা অ্যাটর্নি জেনারেল। বিষয়টি শোনার পর প্রধান বিচারপতি ক্ষোভ প্রকাশ করেন এবং পুরো ঘটনা তদন্তে সুপ্রিম কোর্ট প্রশা সনকে ৪৮ ঘণ্টার সময় বে ধে দেন। সেই তদন্তের প্রাথমিক প্রতিবেদনের ভিত্তিতেই এই শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। তদন্ত সংশ্লিষ্ট সূত্র জানায়, প্রায় সাত মাস আগে চট্টগ্রামের 'রিংভো অ্যাপারেলস'-এর মালিক সাহেদুল ইসলাম হাইকোর্টে জামিনের আবেদন করেন। ২০২৫ সালের ১৬ সেপ্টেম্বর হাইকোর্টের বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি আব্দুল্লাহ ইউসুফ সুমনের সমন্বয়ে গঠিত বেঞ্চে আবেদনটি শুনানির জন্য আসে। শুনানির সময় সম্পূর্ণ ভিন্ন একটি মামলার এজাহার ও তথ্য উপস্থাপন করে

আদালতকে বিভ্রান্ত করা হয় , যেখানে `কুকি-চিন, সংশ্লিষ্ট কোনো অভিযোগ ছিল না। আদালতের সরল বিশ্বাসকে কাজে লাগিয়ে জামিন পাওয়ার পর মূল জালিয়াতিটি করা হয় লিখিত আদেশে। আদেশের প্রথম পৃষ্ঠায় থাকা মামলার তথ্য, থানার নাম ও অভিযোগের ধারা পরিবর্তন করে সেখানে কুকি -চিনের পোশাক জব্দের মামলার নম্বর ও সন্ত্রাসবিরোধী আইনের ধারা বসানো হয়। এই ভুয়া আদেশ দাখিলের মাধ্যমেই কারা কর্তৃপক্ষ থেকে মুক্তি পান সাহেদুল। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## কোরবানির পর ৭ দিন ঢাকায় কোনো চামড়া প্রবেশ করবে না

কোরবানি পরবর্তী সাতদিন সারা দেশ থেকে ঢাকায় কোনো চামড়া প্রবেশ করবে না। এবারও চামড়া সংরক্ষণে র জন্য বিসিকের মাধ্যমে বিনামূল্যে লবণ দেবে সরকার। প্রতিটি এলাকায় ব্যবসায়ী ও মসজিদ -মাদ্রাসায় চামড়া সংরক্ষণ করা হবে বলে জানিয়েছেন বাণিজ্য, শিল্প, বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির। সোমবার (৪ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের দ্বি তীয় দিনের চতুর্থ অধিবেশন শেষে সাংবাদিকদের এ কথা জানান তিনি। এর আগে বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের সঙ্গে ডিসিদের অধিবেশন অনুষ্ঠিত হয়। এ সময় মন্ত্রী বলেন, আগামী কোরবানি ঈদে কোনো চামড়া যেন নষ্ট না হয়, সে জন্য ডিসিদের নির্দেশনা দেওয়া হয়েছে। প্রতি টি জেলা ও উপজেলা প্রশাসন সংশ্লিষ্ট মসজিদ-মাদ্রাসার দায়িত্বশীলদের ডেকে প্রশিক্ষণ দেবে সরকার। তারা কোরবানির পর চামড়া সংরক্ষণ করবেন। তিনি বলেন, সরকারি খরচে বিসিকের মাধ্যমে প্রতিটি এলাকায় বিনামূল্যে লবণ পৌঁছে দেওয়া হবে। সেখানে চামড়ায় লবণ মাখানো হবে এবং কোরবানি ঈদের পরবর্তী সাতদিন কোনো ট্রাকে চামড়া তোলা হবে না। মন্ত্রী আরও বলেন, ঈদের সঙ্গে সঙ্গে চামড়াগুলো ঢাকায় চলে এলে আলাদা চাপ তৈরি হয়। আমরা সেটা হতে দেব না। একটি চামড়াও নষ্ট হতে দেওয়া হবে না। তিনি বলেন , আগে দেখা গেছে চামড়ার দাম না পেয়ে কেউ কেউ ক্ষোভে চামড়া মাটিতে পুঁতে রেখেছেন বা ফেলে দিয়েছেন। এমন পরিস্থিতি যেন তৈরি না হয় , সেজন্য ব্যবস্থা নেওয়া হচ্ছে। জেলা ও উপজেলা পর্যায়ে চামড়া ছাড়ানো ও সংরক্ষণ বিষয়ে প্রশিক্ষণ এবং সচেতনতা কার্যক্রম চালানো হবে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## ৬ ইসলামী ব্যাংকের নিয়োগ-ছাঁটাই নিয়ে তদন্তে বাংলাদেশ ব্যাংক

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগের সময়ে এস আলম গ্রুপের নিয়ন্ত্রণে থাকা ছয়টি ইসলামী ধারার ব্যাংকে অনিয়মিত নিয়োগের অভিযোগ খতিয়ে দেখছে বাংলাদেশ ব্যাংক। অভিযোগ রয়েছে , জাল সনদ, বক্সভিত্তিক জীবন বৃত্তান্ত সংগ্রহ এবং কোনো ধরনের লিখিত পরীক্ষা ছাড়াই বিপুলসংখ্যক লোক নিয়োগ দেওয়া হয়েছিল। এসব অভিযোগের ভিত্তিতে ২০২৪ সালের ৫ আগস্টের পর, সংশ্লিষ্ট ব্যাংকগুলো অভ্যন্তরীণ তদন্ত চালিয়ে অনেককে চাকরিচ্যুত করে। তবে , নিয়োগ ও ছাঁটাই প্রক্রিয়া বিধিসম্মত হয়েছে কি না , তা যাচাই করতে কেন্দ্রীয় ব্যাংক নতুন করে তদন্ত শুরু করেছে। কেন্দ্রীয় ব্যাংকের একটি পরিদর্শক দল এরই মধ্যে কাজ শুরু করেছে। তারা যাচাই করছে নিয়োগের আগে বিজ্ঞপ্তি প্রকাশ হয়েছিল কি না, প্রতিযোগিতামূলক পরীক্ষা নেওয়া হয়েছিল কি না এবং প্রার্থীদের শিক্ষাগত সনদ যথাযথভাবে যাচাই করা হয়েছিল কি না। তদন্তাধীন ব্যাংক গুলো হলো- ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি , ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক পিএলসি , আল-আরাফাহ ইসলামী ব্যাংক , গ্লোবাল ইসলামী ব্যাংক এবং সোশ্যাল ইসলামী ব্যাংক। এদিকে, চাকরিচ্যুত কর্মীদের একটি অংশ গত ১৯ এপ্রিল ঢাকায় জড়ো হয়ে ইসলামী ব্যাংকের সামনে বিক্ষোভ কর্মসূচি পালন করেন। তাদের দাবি, চট্টগ্রাম অঞ্চল থেকে প্রায় ১০ হাজার কর্মীকে ছাঁটাই করা হয়েছে। একই দিন পাল্টা কর্মসূচি পালন করে `ইসলামী ব্যাংক গ্রাহক ফোরাম, নামের আরেক পক্ষ।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## পর্যটকদের নিরাপত্তা নিশ্চিতের নির্দেশ ডিসিদের

পর্যটকদের নিরাপত্তা নিশ্চিতের জন্য জেলা প্রশাসকদের (ডিসি) নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী আফরোজা খানম (রিতা)। সোমবার (৪ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনের প্রথম অধিবেশ ন শেষে মন্ত্রী সাংবাদিকদের এ কথা জানান। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বেসামরিক বিমান পরিবহ ণ ও পর্যটন মন্ত্রণালয়ের সঙ্গে এই অধিবেশন হয়। মন্ত্রী বলেন , জেলা প্রশাসকদের সম্মেলনে মূল আলোচনার বিষয় ছিল বাংলাদেশের পর্যটন শিল্প। দেশের প্রতিটি জেলায় ছড়িয়ে থাকা প র্যটন স্থানগুলো সংস্কার এবং নতুন পর্যটকদের আকর্ষণ করার জন্য কী কী পদক্ষেপ নেওয়া যায় , তা নিয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। বিশেষ করে মনপুরা এবং নেত্রকোনার মতো জায়গাগুলোতে পর্যটন সুবিধা গড়ে তোলার ওপর গুরুত্ব দেওয়া হয়েছে। এভাবে চার পাঁচটা জেলার কথা এসেছে। পর্যটনটা যদি সুন্দর করে গড়ে তোলা হয় , তবে অনেক দর্শনার্থী আসবে, দেশকেও মানুষ জানবে , চিনবে। তিনি বলেন , মাঠ পর্যায় থেকে প্রস্তাবগুলো এলে মন্ত্রণালয় সেগুলো বাস্তবায়নে সব রকম সহযোগিতা করব। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## বিপর্যস্ত অর্থনীতি ঘুরে দাঁড়াতে নতুনরূপরেখা তৈরি হচ্ছে

বিপর্যস্ত অর্থনীতি পুনরুদ্ধারে স্ট্র্যাটেজিক ফ্রেমওয়ার্ক করা হচ্ছে বলে জানিয়েছেন , পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. জোনায়েদ আব্দুর রহিম সাকি। সোমবার (৪ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে ডিসি সম্মেলনের দ্বিতীয় দিনের দ্বিতীয় অধিবেশন শেষে তি নি সাংবাদিকদের এ কথা জানান। অর্থ বিভাগ , অভ্যন্তরীণ সম্পদ বিভাগ , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা বিভাগ, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সঙ্গে এ অধিবেশন হয়। এসময় পরিকল্পনা প্রতিমন্ত্রী বলেন , বর্তমান সরকার তার যে নির্বাচনি ম্যান্ডেট , জনগণ যে বিরাট আস্থা এবং ভরসা নিয়ে এই সরকারকে নির্বাচিত করেছে , এই সরকারের পরিষ্কার লক্ষ্য আছে , পরিকল্পনা আছে এবং সেটা বাস্তবায়ন করার জন্য তো সমগ্র প্রশাসন এবং বিশেষভাবে জেলা প্রশাসন মাঠ পর্যায়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেই বিষয়গুলো নিয়েই মূলত আলোচনা হচ্ছে যে , কীভাবে মাঠ পর্যায়ে সরকারের লক্ষ্য এবং পরিকল্পনা বাস্তবায়ন করা যাবে এবং সেটা করার ক্ষেত্রে নানা অসুবিধাগুলো কী কী, কীভাবে আরও দক্ষ এবং কার্যকর প্রশাসন গড়ে তোলা যাবে, যার মধ্যদিয়ে সরকারের লক্ষ্য -পরিকল্পনা বাস্তবায়িত হবে এবং একটা মানবিক, গণতান্ত্রিক, একটা কল্যাণকামী রাষ্ট্র এবং অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তোলা যাবে। তিনি বলেন , এই সরকারের একটা লক্ষ্য এরই মধ্যে ঘোষিত হয়েছে , ট্রিলিয়ন ডলার ইকোনমি। কিন্তু সেই ট্রিলিয়ন ডলার ইকোনমির মধ্যে বৈষম্য যাতে বৃদ্ধি না পায় , বরং অন্তর্ভুক্তিমূলক একটা বৈষম্য কমিয়ে এনে যথাসম্ভব একটা অর্থনৈতিক ব্যবস্থা যাতে গড়ে তোলা যায়। তো সেজন্য সরকারের যে পরিকল্পনা, সেগুলো বাস্তবায়নের উপযোগী একটা যাকে বলে প্রশাসনিক ব্যবস্থা গড়ে তোলা , সেটা নিয়ে আলোচনা শুরু হয়েছে এবং প্রত্যেক মন্ত্রণালয়ের পক্ষ থেকেই তাদের এরই মধ্যে যে প্রস্তুতিগুলো, সেগুলো তুলে ধরা হচ্ছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## হত্যা ও হত্যাচেষ্টা মামলায় তৌহিদ আফ্রিদির জামিন আপিলে বহাল

আলোচিত কনটেন্ট ক্রিয়েটর তৌহিদ আফ্রিদির বিরুদ্ধে করা পৃথক দুই মামলায় জামিন বহাল রেখেছেন সুপ্রিম কোর্টের আপিল বিভাগ। এ বিষয়ে শুনানি নিয়ে সোমবার (৪ মে) আপিল বিভাগের জ্যেষ্ঠ বিচারপতি আশফাকুল ইসলামের নেতৃত্বাধীন চার সদস্যের বেঞ্চ এ আদেশ দেন। এর আগে , হাইকোর্ট একটি হত্যা মামলা এবং একটি হত্যাচেষ্টা মামলায় তৌহিদ আফ্রিদিকে জামিন দিয়েছিলেন। জুলাই গণ -অভ্যুত্থানের সময় যাত্রাবাড়ীতে আসাদুল হক বাবু হত্যা মামলায় তৌহিদ আফ্রিদিকে গ্রেফতার করা হয়। গত বছরের ২৪ আগস্ট পুলিশের অপরাধ তদন্ত বিভাগের (সিআইডি) একটি দল বরিশাল থেকে তাকে গ্রেফতার করে। এর আগে , ১৭ আগস্ট রাজধানীর গুলশান থেকে তার বাবা নাসির উদ্দিন সাথীকে গ্রেফতার করা হয়। মামলা সূত্রে জানা গেছে , গণ-অভ্যুত্থান চলাকালে ৫ আগস্ট যাত্রাবাড়ীর পাকা রাস্তায় আন্দোলনে অংশ নেন আসাদুল। দুপুর আড়াইটার দিকে আসামিদের ছোড়া গুলি তার বুকের ডান পাশে লাগে। পরে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। এ ঘটনায় ওই বছরই , অর্থাৎ ২০২৪ সালের ৩০ আগস্ট যাত্রাবাড়ী থানায় হত্যা মামলা করেন নিহতের বাবা জয়নাল আবেদীন। এ মামলায় সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ ২৫ জনকে আসামি করা হয়। তাদের মধ্যে নাসির উদ্দিন ২২ নম্বর ও তার ছেলে তৌহিদ আফ্রিদি ১১ নম্বর এজাহারনামীয় আসামি। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## তিন ধাপে নতুন বেতন কাঠামো, ১ জুলাই থেকে আংশিক বাস্তবায়নের পরিকল্পনা

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের জন্য প্রস্তাবিত নতুন বেতন কাঠামোর আংশিক বাস্তবায়ন শুরু হতে পারে ২০২৬-২৭ অর্থবছরের প্রথম দিন ১ জুলাই থেকে। অর্থ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন কাঠামোটি একবারে বাস্তবায়ন না করে তিন ধাপে কার্যকর করার পরিকল্পনা নেওয়া হয়েছে , যাতে বাজেটের ওপর চাপ কিছুটা নিয়ন্ত্রণে রাখা যায়। সর্বশেষ সুপারিশ অনুযায়ী , প্রথম বছরে মূল বেতনের ৫০ শতাংশ এবং পরবর্তী ২০২৭-২৮ অর্থবছরে বাকি ৫০ শতাংশ বাস্তবায়ন করা হতে পারে। এরপর ২০২৮-২৯ অর্থবছরে ধাপে ধাপে বিভিন্ন ভাতা যুক্ত করার পরিকল্পনা রয়েছে। সংশ্লিষ্টরা বলছেন, এতে একদিকে যেমন সরকারি কর্মচারীরা দ্রুত কিছুটা আর্থিক সুবিধা পাবেন , অন্যদিকে সরকারের ওপর এককালীন অতিরিক্ত ব্যয়ের চাপও কমবে। অন্তর্বর্তী সরকার নতুন বেতন কাঠামো প্রণয়নে সাবেক অর্থ সচিব জাকির আহমেদ খানের নেতৃত্বে ২৩ সদস্যের একটি বেতন কমিশন গঠন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## হাম ও হামের উপসর্গ নিয়ে আরও ১৭ জনের মৃত্যু

সারা দেশে গত ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত ও হামের উপসর্গ নিয়ে ১৭ জন মারা গেছেন। তাদের মধ্যে দুইজন হামে আক্রান্ত হয়ে মারা গেছে ন। বাকি ১৫ জনের মৃত্যু হয়েছে হামের উপসর্গ নিয়ে। এছাড়া , ২৪ ঘণ্টায় হামে আক্রান্ত হয়েছেন ১৫৪ জন। এছাড়া ১ হাজার ৩০২ জনের শরীরে হামের উপসর্গ দেখা গেছে। সোমবার (৪ মে) বিকেলে স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম থেকে এ তথ্য জানানো হয়েছে। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গত ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত হামে ৫২ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে সন্দেহভাজন হামজনিত

মৃত্যুর সংখ্যা ২৫৯ জন। ১৫ মার্চের পর থেকে এ পর্যন্ত নিশ্চিত হামে আক্রান্ত হয়েছেন ৫ হাজার ৪৬৭ জন। একই সময়ে সন্দেহভাজন হামে আক্রা ন্তের সংখ্যা ৪১ হাজার ৭৯৩ জন। এ পর্যন্ত হাম সন্দেহে হাসপাতালে ভর্তি হয়েছেন ২৮ হাজার ৮৪২ জন এবং হাসপাতাল থেকে ছাড়া পেয়েছেন ২৫ হাজার ১৫১ জন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## একীভূত ৫ ব্যাংকে তালা, আমানত ফেরতের দাবিতে দ্বিতীয় দিনেও বিক্ষোভ

চট্টগ্রাম নগ রে সম্মিলিত ইসলামী ব্যাংকের আমানতকারীরা মূলধন ফেরত , মুনাফা দেওয়া এবং টাকা উত্তোলনের সীমাবদ্ধতা প্রত্যাহারের দাবিতে বিক্ষোভ ও তালা ঝুলিয়ে কর্মসূচি পালন করেছেন। সোমবার (৪ মে) নগরের আগ্রাবাদ এলাকার আক্তারুজ্জামান সেন্টারের সামনে বাংলাদেশ ব্যাংক ভুক্তভোগী আমান তকারী অ্যাসোসিয়েশন, চট্টগ্রাম বিভাগের ব্যানারে শত শত গ্রাহক সড়ক জুড়ে বিক্ষোভ মিছিল ও মানববন্ধনে অংশ নেন আগ্রাবাদ বাণিজ্যিক এলাকায়। পরে বিক্ষুব্ধ গ্রাহকরা একে একে এক্সিম ব্যাংক, ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, গ্লোবাল ইসলামী ব্যাংক ও ইউনিয়ন ব্যাংকের পাঁচটি শাখায় তালা ঝুলিয়ে দেন। সরেজমিনে দেখা যায়, সকাল থেকে গ্রাহকরা আগ্রাবাদ বাদামতলী মোড়ে জড়ো হয়ে প্রথমে এক্সিম ব্যাংকের শেখ মুজিব রোড শাখায় তালা ঝুলান। পরে ধারাবাহিকভাবে অন্য ব্যাংকগুলোর শাখায়ও একই কর্মসূচি পালন করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৪.০৫.২০২৬ রুবাইয়া)

## কিশোরগঞ্জে নতুন করে তলিয়েছে ২৫০০ হেক্টর জমির ধান

টানা বৃষ্টি ও উজানের ঢলে কিশোরগঞ্জে নতুন করে আরও আড়াই হাজার হেক্টরের বেশি বোরো ধানের জমি পানিতে তলিয়ে গেছে। এ নিয়ে জেলায় মোট ক্ষতিগ্রস্ত জমির পরিমাণ দাঁড়িয়েছে সাড়ে ১২ হাজার হেক্টরে। এতে ক্ষতিগ্রস্ত হয়েছেন প্রায় ৪৯ হাজার কৃষক। সোমবার (৪ মে) বিকেল সাড়ে ৫টার দিকে জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ - পরিচালক ড. সাদিকুর রহমান এ তথ্য নিশ্চিত করেন। জানা গেছে, অব্যাহত বৃষ্টি ও উজানের ঢলে হাওরাঞ্চলের বিস্তীর্ণ নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। সবচেয়ে বে শি ক্ষতি হয়েছে ইটনা ও অষ্টগ্রাম উপজেলায়। পানিতে তলিয়ে যাওয়ায় অনেক কৃষকই পাকা ধান কাটতে পারছেন না, ফলে চরম দুর্ভোগে পড়েছেন তারা।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## রাঙ্গামাটিতে ছাত্রদলের দুই গ্রুপের সংঘর্ষ, ১৪৪ ধারা জারি

রাঙ্গামাটিতে জেলা ছাত্রদলের নতুন কমিটি ঘোষণাকে কেন্দ্র করে দু ,পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এসময় লাঠিচার্জ করে সেনাবাহিনী। পরিস্থিতি নিয়ন্ত্রণে ১৪৪ ধারা জারি করেছে জেলা প্রশাসন। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নিশাত শারমিনের সই করা এক আদেশে এ সিদ্ধান্ত জানানো হয়। আদেশে বলা হয়েছে , আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ছাড়া অন্য কেউ ওই এলাকায় প্রবেশ করতে পারবে না। নির্ধারিত এলাকার ৪০০ গজের মধ্যে কোনো ধরনের মিছিল, সভা বা সমাবেশ করা যাবে না। শব্দ বর্ধক যন্ত্র ব্যবহারও নিষিদ্ধ করা হয়েছে। এ আদেশ অমান্য করলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। সোমবার (৪ মে) বিকেল ৩টার দিকে নতুন কমিটির নেতা -কর্মীদের আনন্দ মিছিলকে কেন্দ্র করে পদ পাওয়া ও পদ না পাওয়া দুইপক্ষ মুখোমুখি অবস্থান নেয়। পরে তাদের মধ্যে ধাওয়া -পাল্টা ধাওয়া শুরু হয়। এতে মো. ইউসুফ নামে পৌর যুবদলের এক কর্মী আহত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## মহাসড়কগুলো সিসি ক্যামেরার আওতায় আনা হবে: সড়কমন্ত্রী

জাতীয়, আঞ্চলিক ও জেলা পর্যায়ের মহাসড়কগুলো সিসিটিভি ক্যামেরার আওতায় আনা হবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতু, রেলপথ এবং নৌপরিবহ ণ মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম। সোমবার (৪ মে) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে জেলা প্রশাসক (ডিসি) সম্মেলনের দ্বিতীয় দিনে পঞ্চম অধিবেশন শেষে তিনি সাংবাদিকদের এ তথ্য জানান। সড়ক পরিবহ ণ ও মহাসড়ক বিভাগ, রেলপথ মন্ত্রণালয় এবং নৌপরিবহণ মন্ত্রণালয়ের সঙ্গে এ কার্য - অধিবেশন হয়। মন্ত্রী বলেন, "আমরা চাচ্ছি, অগ্রাধিকার ভিত্তিতে জাতীয় মহাসড়কগুলো সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসতে। এরপর আঞ্চলিক মহাসড়ক , তারপর জেলা মহাসড়কগুলো সিসি ক্যামেরার আওতায় আনতে পদক্ষেপ নিয়েছি।„ শেখ রবিউল আলম বলেন, "মহাসড়কে তিন-চাকার যান চলাচল ঠেকানোর প্রচেষ্টা আছ। কিন্তু আমাদের মহাসড়কে এসব বাহন উঠে আসার সুযোগ যেহেতু রয়েছে, যার ফলে এটা নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। তবে, আগের যে-কোনো সময়ের চেয়ে এটা একটু বেশি নিয়ন্ত্রণ করা গেছে। এটা কীভাবে নিয়ন্ত্রণ করা যায়, সেই ব্যবস্থাগুলো নিয়ে কথা হয়েছে। আশা করি, তিন চাকার যান পর্যায়ক্রমে নিয়ন্ত্রণ হবে।" রাস্তা প্রশস্ত করার চাহিদা ও প্রয়োজন দেশে রয়েছে উল্লেখ করে মন্ত্রী বলেন, "এই দুই মাসে সংসদ সদস্যরা যে ডিও লেটার (আধা-সরকারি পত্র) দিয়েছেন, তাতে রাস্তা প্রশস্ত করতে তিন লাখ কোটি টাকা লাগবে। কিন্তু বাজেটে পাবেন আপনি সর্বোচ্চ ৪০ হাজার কোটি টাকা। এর আগের বাজেটের অভিজ্ঞতা থে কে বলছি। প্রাধিকার বা অগ্রাধিকারের ভিত্তিতে আমাদের কাজ করতে হবে। সেই জায়গায় স্বচ্ছতার সঙ্গে, নিরপেক্ষভাবে ও অগ্রাধিকার ভিত্তিতে সরকার প্রকল্প বাস্তবায়ন করতে চাইছে।„ শেখ রবিউল আলম

জানান, যেখানে-সেখানে স্পিড ব্রেকার বা গতিরোধক দেওয়া হচ্ছে। অনেক ক্ষেত্রে প্রয়োজন বিবেচনা না করেই দেওয়া হচ্ছে। লেভেল ক্রসিংয়ে ট্রেনের দুর্ঘটনা এবং ট্রেনে পাথর ছুড়ে মারা নিয়ে এক প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, ”সড়ক নিরাপত্তার জন্য এটি খুবই ভয়ংকরএবং এই চর্চাটা আছে। এটা বন্ধ করার জন্য রেলওয়ে পুলিশ এবং সংশ্লিষ্ট নিরাপত্তা বাহিনীকে আরও তৎপর করছি, সচেতনতা বাড়ানো দরকার।„
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## জঙ্গিবাদ নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে সেটাই শুনতে হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

জঙ্গিবাদ নিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে , সেটাই শুনতে হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। দেশে জঙ্গিবাদ থাকা , না থাকা নিয়ে সরকারের পক্ষ থেকে দুই ধরনের বক্তব্যের পরিপ্রেক্ষিতে সোমবার (৪ মে) সচিবালয়ে তিনি এ কথা বলেন। বলপ্রয়োগে বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিকদের (রোহিঙ্গা) সমন্বয়, ব্যবস্থাপনা ও আইন-শৃঙ্খলা সম্পর্কিত জাতীয় কমিটির প্রথম সভা শেষে স্বরাষ্ট্রমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে কথা বলেন। প্রধানমন্ত্রীর তথ্য উপদেষ্টা জাহেদ উর রহমান বলেছেন , দেশে জঙ্গিবাদ আছে। তবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন , তা নেই। একই বিষয়ে বক্তব্যের এই অমিল সম্পর্কে জানতে চাইলে সালাহউদ্দিন আহমদ বলেন , `আচ্ছা, আমি কে ?, জবাবে একজন `আপনি স্বরাষ্ট্রমন্ত্রী, বলতেই তিনি বলেন, `তা আমি যেটা বক্তব্য দিয়েছি , ওইটাই তো আপনারা ছাপিয়েছেন।, কিন্তু তথ্য উপদেষ্টা তো ভিন্ন কথা বলেছেন, এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করলে মন্ত্রী বলেন, `সেটা উনি কীভাবে বলেছেন, জানি না। হয়ত আপনাদের লেখার মধ্যেও মিস-ইন্টারপ্রেট (ভুল ব্যাখ্যা) হয়ে যেতে পারে। কিন্তু যেটা ডিসিপ্লিন এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় কী বলেছে, সেটাই তো শুনতে হবে।, (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে বিশেষ অভিযানে ৮০ কেজি গাঁজা উদ্ধার, গ্রেফতার ২২

রাজধানীর যাত্রাবাড়ীতে বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন অপরাধে জড়িত ২২ জনকে গ্রেফতার করেছে পুলিশ। রোববার (৩ মে) যাত্রাবাড়ীর বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় এ অভিযান চালানো হয়। অভিযানে ৮০ কেজি গাঁজা ও একটি মিনিবাস উদ্ধার করা হয়। সোমবার (৪ মে) ঢাকা মেট্রোপলিটন পুলিশের মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগ উপ-পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। এন এম নাসিরুদ্দিন বলেন , গ্রেফতারদের মধ্যে নিয়মিত মামলায় ১৪ জন, পুরাতন মামলায় চারজন , গ্রেফতারি পরোয়ানা মূলে একজন ও মোবাইল কোর্টের তিনজন আসামি রয়েছেন। তাদের আদালতে পাঠানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## সারা দেশের সাব-রেজিস্ট্রি অফিসে সিসি ক্যামেরা বসাতে হাইকোর্টের রুল

দুর্নীতি ও অনিয়ম রোধে সারা দেশের সাব -রেজিস্ট্রি অফিসগুলোতে কেন্দ্রীয়ভাবে নিয়ন্ত্রিত সিসি ক্যামেরা ও পাবলিক ডিসপ্লে মনিটর স্থাপনের বিষয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। রুলে নিবন্ধন অধিদপ্তরের আওতাধীন দেশের সব সাব-রেজিস্ট্রার অফিসে উচ্চ-গুণমানের (এইচডি) সিসি ক্যামেরা ও পাবলিক ডিসপ্লে মনিটর স্থাপনে অবিলম্বে পদক্ষেপ না নেওয়া কেন বেআইনি ও আইনগতভাবে অকার্যকর ঘোষণা করা হবে না , তা জানতে চাওয়া হয়েছে। এর পাশাপাশি , সেবার ডিজিটাল রূপান্তর তদারকিতে একটি বিশেষ কমিটি গঠন এবং সাব -রেজিস্ট্রার অফিসগুলোতে ২৪ ঘণ্টা কঠোর নজরদারি নিশ্চিত করার নির্দেশনা চাওয়া হয়েছে। আইন , বিচার ও সংসদবিষয়ক মন্ত্রণালয়ের সচিব এবং নিবন্ধন অধিদপ্তরের মহাপরিদর্শককে (আইজিআর) রুলের জবাব দিতে বলা হয়েছে। জনস্বার্থে দায়ের করা এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে রোববার (৩ মে) হাইকোর্টের বিচারপতি ভীষ্মদেব চক্রবর্তী ও বিচারপতি আব্দুর রহমানের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন। এর আগে , সুপ্রিম কোর্টের আইনজীবী মো. আল মামুন সরোয়ার জনস্বার্থে এ রিট দায়ের করেন। গত ২৬ এপ্রিল তিনি বিবাদীদের আইনি নোটিশ পাঠান। নির্ধারিত সাতদিনের মধ্যে জবাব না পেয়ে তিনি হাইকোর্টে আসেন। সোমবার (৪ মে) আইনজীবী আল মামুন বলেন, সাভারের সাব-রেজিস্ট্রার মো. জাকির হোসেনের ব্যক্তিগত উদ্যোগে অফিসে সিসি ক্যামেরা স্থাপনের খবরে অনুপ্রাণিত হয়ে এই আইনি পদক্ষেপ নিয়েছেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## অগ্রণী ব্যাংকের ১৮ বছরের কর্মকর্তাদের নথি তলব দুদকের

ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার পরিবারের নামে অগ্রণী ব্যাংকের লকার থেকে বিপুল পরিমাণ স্বর্ণ উদ্ধারের ঘটনায় নতুন করে অনুসন্ধান জোরদার করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এ লক্ষ্যে ব্যাংকটির প্রিন্সিপাল শাখায় ১৯৯০ থেকে ২০০৮ সাল পর্যন্ত দায়িত্ব পালনকারী সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিস্তারিত তথ্য চেয়ে চিঠি দিয়েছে সংস্থাটি। দুদক সূত্রে জানা গেছে, ওই সময়কালে কর্মরত শাখা ব্যবস্থাপক ও লকার ইনচার্জদের নাম , পদবি, কর্মস্থল, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং মোবাইল নম্বর চাওয়া হয়েছে। সম্প্রতি দুদকের প্রধান কার্যালয় থেকে পাঠানো চিঠিতে আগামী ৬ মে,র মধ্যে এসব তথ্য সরবরাহ করতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## তেজগাঁও এলাকায় পুলিশের অভিযান, গ্রেফতার ৭৪

ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) তেজগাঁও বিভাগের বিভিন্ন অপরাধপ্রবণ এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। এসময় নানা অপরাধে জড়িত অভিযোগে ৭৪ জনকে গ্রেফতার করা হয়। সোমবার (৪ মে) ডিএমপির গণমাধ্যম ও জনসংযোগ বিভাগের উপ -পুলিশ কমিশনার এন এম নাসিরুদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। তেজগাঁও বিভাগের বরাত দিয়ে তিনি বলেন, রোববার (৩ মে) অভিযান পরিচালনা করে সংশ্লিষ্টদের গ্রেফতার করা হয়। তাদের মধ্যে তেজগাঁও থানা ১৫, শেরেবাংলা নগর থানা ১০, হাতিরঝিল থানা নয়, আদাবর থানা ৯, মোহাম্মদপুর থানা ২১ ও তেজগাঁও শিল্পাঞ্চল থানা ১০ জনকে গ্রেফতার করে। অভিযুক্তদের আদালতে পাঠানো হয়েছে বলেও জানান এই কর্মকর্তা। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## বাংলাদেশ ও মিশরের বাণিজ্য-বিনিয়োগ খাতে সহযোগিতা বৃদ্ধিতে গুরুত্বারোপ

বাংলাদেশ ও মিশরের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ খাতে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়েছে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলামের সঙ্গে মিশরের রাষ্ট্রদূত ওমর মহি এলদীন আহমেদ ফাহমির সৌজন্য সাক্ষাৎকালে এ গুরুত্বারোপ করা হয়। সোমবার (৪ মে) পররাষ্ট্র মন্ত্রণালয়ে এ সাক্ষাতে উভয় পক্ষ , বাংলাদেশ ও মিশরের মধ্যকার দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক এবং ক্রমবর্ধমান দ্বি পক্ষীয় সহযোগিতার বিষয়টি পুনর্ব্যক্ত করেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী বাংলাদেশি শিক্ষার্থী ও পেশাজীবীদের জন্য মিশর সরকারের সুযোগ -সুবিধা দেওয়ার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। বিশেষ করে, বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য পূর্ণ অর্থায়নে বৃত্তির সংখ্যা ১২ থেকে বাড়িয়ে ২৪টিতে উন্নীত করার সাম্প্রতিক সিদ্ধান্তের জন্য তিনি দেশটির সরকারকে ধন্যবাদ জানান। আলোচনায় বাণিজ্য ও বিনিয়োগ খাতে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। বিশেষ করে জ্বালানি, অবকাঠামো, ঔষধ, কৃষি, পাট ও জনশক্তি খাতে। পররাষ্ট্র প্রতিমন্ত্রী সংস্কৃতি ও শিক্ষা ক্ষেত্রে সহযোগিতা জোরদারের বিষয়েও গুরুত্ব তুলে ধরেন। অন্যদিকে , রাষ্ট্রদূত বিভিন্ন খাতে বিশেষ করে দক্ষ ও অদক্ষ জনশক্তি নিয়োগ , জ্বালানি, কৃষি ও সংস্কৃতি খাতে সহযোগিতা আরও জোরদার করার ব্যাপারে মিশরের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। তিনি বাংলাদেশের প্রতি মিশরের অব্যাহত সমর্থনের আশ্বাস দেন। পররাষ্ট্র প্রতিমন্ত্রী দুই দেশের সম্পর্ক আরও সুদৃঢ় করতে জনগণের মধ্যে যোগাযোগ বৃদ্ধি , বিশেষ করে সাংস্কৃতিক ও ক্রীড়া বিনিময়, পারস্পরিক ভিসা অব্যাহতি চুক্তি এবং নিয়মিত দ্বিপক্ষীয় যোগাযোগ ও উচ্চ পর্যায়ের সফরের ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রদূত বাংলাদেশকে অব্যাহত সমর্থনের পুনরায় আশ্বাস দেন এবং দুই দেশের ভ্রাতৃপ্রতিম সম্পর্ক আরও শক্তিশালী করার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## যাত্রী না নামিয়ে ফেরিতে বাস ওঠালে চালকের লাইসেন্স নিয়ে সিদ্ধান্ত

যাত্রী না নামিয়ে ফেরিতে বাস ওঠালে চালকের লাইসেন্স নিয়ে সিদ্ধান্ত নেওয়া হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। সোমবার (৪ মে) সচিবালয়ে ঈদুল আজহার ব্যবস্থাপনা নিয়ে সংশ্লিষ্টদের সঙ্গে প্রধানমন্ত্রী তারেক রহমানের বৈঠক শেষে মন্ত্রী এ কথা বলে ন। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ২৮ মে দেশে মুসলমানদের দ্বিতীয় বড়ো ধর্মীয় উৎসব পবিত্র ঈদুল আজহা বা কোরবানির ঈদ উদ্‌যাপিত হতে পারে। সভায় নেওয়া সিদ্ধান্ত তুলে ধরে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ”সড়কের পাশে স্বাস্থ্য মন্ত্রণালয়ের অধীন যে -সব ট্রমা সেন্টার আছে, সেগুলো কার্যকর করতে হবে সিভিল সার্জনের নেতৃত্বে সেখানে ইকুইপমেন্টসহ ডাক্তার, নার্স যা জরুরি তা থাকবে। নিকটবর্তী উপজেলা হাসপাতাল এবং জেলা হাসপাতাল বা অন্যান্য হাসপাতাল যেগুলো আছে , সেগুলো আমরা সাতদিন আগ থেকে ওয়েল প্রিপেয়ার্ড করবো, যেন কোনো রকমের যদি অ্যাক্সিডেন্ট হয়, সেটা অ্যাড্রেস করা যায় ইমিডিয়েটলি।„
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## হাম রোগীদের চিকিৎসায় ঢামেকে স্থাপিত হচ্ছে ফিল্ড হাসপাতাল

হামে আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে স্থাপিত হচ্ছে ২০ শয্যার ফিল্ড হাসপাতাল। শহিদ মিলন মিলনায়তনের পাশে এটি তৈরির কাজ চলছে। সোমবার (৪ মে) সন্ধ্যায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মো. আসাদুজ্জামান বলেন, ”গতকালকে স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক আদেশের পরিপ্রেক্ষিতে সেনাবাহিনীর তত্ত্বাবধানে ঢাকা মেডিকেলে এই ফিল্ড হাসপাতাল তৈরি করা হচ্ছে। আমরা স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশ পেলেই এটি পুরোদমে চালু করবো।„ তিনি জানান, এই হাসপাতালে এসি ও নন-এসি শয্যার ব্যবস্থা করা হয়েছে। সেনাবাহিনীর সদস্যরা শুধু এটি তৈরি করে দেবেন। চিকিৎসাসেবা দেবে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। এখানে হামের রোগীদের পাশাপাশি ডেঙ্গুতে আক্রান্তদের চিকিৎসার ব্যবস্থাও করা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## শেখ হাসিনাসহ পলাতকদের দেশে ফেরাতে কাজ করছে সংশ্লিষ্ট মন্ত্রণালয়

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ পলাতক আসামিদের দেশে ফিরিয়ে আনতে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রণা লয়গুলো কাজ করছে বলে জানিয়েছেন, আইনমন্ত্রী মো. আসাদুজ্জামান। সোমবার (৪ মে) আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল পরিদর্শনে

এসে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এমন কথা জানান। আইনমন্ত্রী বলেন , প্রসিকিউশনের বিরুদ্ধে অনিয়মের যে অভিযোগ এসেছে, তার বিষয়ে পদক্ষেপ নেওয়া হ য়েছে। বিচারপতিদের অবসরের বয়স ৬৭ থেকে কমিয়ে ৬৫ বছরে নামিয়ে আনার বিষয়ে নিজের অবস্থান তুলে ধরে আইনমন্ত্রী বলেন, তিনি ব্যক্তিগতভাবে এ প্রস্তাবের পক্ষে নন। তবে এ নিয়ে কোনো উদ্যোগ এলে , তা গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে। এছাড়া , আপিল বিভাগে সাংবাদিকদের প্রবেশ সংক্রান্ত বিষয়ে প্রধান বিচারপতি সিদ্ধান্ত পুনর্বিবেচনা করবেন বলে আশা প্রকাশ করেন তিনি। এ সময় আগামী ১৭ মে মানবাধিকার কমিশন আইন ও গুম আইন নিয়ে পরামর্শ সভা অনুষ্ঠিত হবে বলে জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

## ভাওয়াল জাতীয় উদ্যানে ভাগাড় নির্মাণে হাইকোর্টের নিষেধাজ্ঞা

ভাওয়াল জাতীয় উদ্যান ও সংলগ্ন সংরক্ষিত বনভূমিতে সেকেন্ডারি ট্রান্সফার স্টেশন -এসটিএস (ময়লা ফেলার ভাগাড়) নির্মাণে নি ষেধাজ্ঞা দিয়েছেন হাইকোর্ট। একই সঙ্গে, এই এলাকায় বর্জ্য ফেলা থেকে গাজীপুর সিটি করপোরেশনকে বিরত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে। এ বিষয়ে আদালত রুলও জারি করেন। রুলে জাতীয় উদ্যান সংলগ্ন সংরক্ষিত বনভূমি ও ব্যক্তিমালিকানাধীন ভূমিতে অননুমোদিতভাবে ভাগাড় নির্মাণ এবং জাতীয় উদ্যানের মূল ফটকসহ বিভিন্ন স্থানে ক্রমাগত বর্জ্য ফেলা বন্ধে সংশ্লিষ্টদের ব্যর্থতা কেন আইন -বহির্ভূত ও জনস্বার্থবিরোধী ঘোষণা করা হবে না , তা জানতে চাওয়া হয়েছে। এছাড়া উদ্যান ও বনের ক্ষতিসাধন করায় গাজীপুর সিটি করপোরেশনকে কেন ক্ষতিপূরণ দিতে নির্দেশ দেওয়া হবে না , রুলে তাও জানতে চাওয়া হয়েছে। পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব, পরিবেশ অধিদপ্তরের মহাপরিচালক ও গাজীপুর জেলা কার্যালয়ের উপ-পরিচালক; বন অধিদপ্তরের প্রধান বন সংরক্ষকসহ সংশ্লিষ্ট বিবাদীদের রুলের জবাব দিতে বলা হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০৪.০৫.২০২৬ রিহাব)

# BBC

## UKRAINIAN DRONE HITS UPMARKET MOSCOW HIGH-RISE AHEAD OF VICTORY DAY CELEBRATIONS

A Ukrainian drone hit an upmarket residential high-rise in Moscow in the early hours of Monday, resulting in no casualties but causing visible damage to the facade of the building. It was the third night in a row that the Russian capital came under attack from drones, days before Russia holds a scaled-back 9 May parade to mark the Soviet Union's victory over Nazi Germany. Two other drones were intercepted, Mayor Sergei Sobyanin said. Vnukovo and Domodedovo international airports suspended operations overnight.
(BBC News Web Page: 04/05/26, FARUK)

## THREE DEAD IN SUSPECTED VIRUS OUTBREAK ON ATLANTIC CRUISE SHIP

Three people have died after a suspected hantavirus outbreak on a cruise ship in the Atlantic Ocean. The World Health Organization (WHO) reported one confirmed and five suspected cases aboard the MV Hondius ship, which was travelling from Argentina to Cape Verde. A 69-year-old UK national is also in intensive care in Johannesburg, South Africa. Local officials told the BBC he had the virus. Hantavirus is usually passed to humans from rodents via their faces, saliva or urine. It can cause severe respiratory illness. Rarely, it can be transmitted between people. (BBC News Web Page: 04/05/26, FARUK)

## EUROPEAN LEADERS CONVERGE ON ARMENIA AS RUSSIA LOOKS ON

European leaders are descending on Armenia for two unprecedented summits in a country long considered Russia's closest ally in the South Caucasus. The symbolism for this country of fewer than three million people is hard to overstate; Armenia is a member of Russian President Vladimir Putin's Eurasian Economic Union, and Moscow hosts a military base on Armenian soil. On Monday, more than 30 European leaders and Canada's prime minister will take part in a European Political Community (EPC) summit in the capital Yerevan. Tuesday will then see the first ever bilateral EU-Armenia summit, attended by European Commission President Ursula von der Leyen and European Council President Antonio Costa. Russia sells gas to Armenia for $177.50 per 1,000 cubic meters, he noted, while in Europe it costs $600. (BBC News Web Page: 04/05/26, FARUK)

## UAE SAYS ITS TANKER IN HORMUZ STRAIT HAS BEEN HIT, WITH NO INJURIES REPORTED

The United Arab Emirates says a tanker affiliated with Adnoc, its state-owned oil company, has been hit in the Strait of Hormuz. No one has been injured, the country's foreign ministry says in a statement. The UAE has called for Iran to stop the attack and "ensure its full commitment to an immediate cessation of all hostilities, and the complete and unconditional reopening of the Strait of Hormuz". (BBC News Web Page: 04/05/26, FARUK)

**OIL PRICES JUMP AS IRAN CLAIMS TO HAVE HIT US SHIP - FOLLOWED BY CENTCOM DENIAL**

Oil prices spiked sharply in response to reports from Iranian state media that two missiles hit a US warship as it tried to enter the Strait of Hormuz. The Brent crude benchmark price soared by more than $4 per barrel within minutes of the new breaking, to hit $114, more than 5% up on the day's opening price. It fell back slightly after the US denied the strike took place. Late last night, Donald Trump announced a plan to escort stuck vessels out of the Gulf, calling it a "humanitarian gesture". (BBC News Web Page: 04/05/26, FARUK)

**US DENIES IRANIAN CLAIM IT STRUCK AMERICAN WARSHIP**

US Central Command (Centcom) denies that one of its warships has been struck by two Iranian missiles. In a post on X, Centcom says "no US Navy ships have been struck". It adds: "US forces are supporting Project Freedom and enforcing the naval blockade on Iranian ports." The Iranian military earlier claimed that it had prevented a US Navy destroyer from entering the Strait of Hormuz. Fars, the semi-official Iranian news agency, said a vessel was hit by two missiles as it was sailing through the Strait of Hormuz "in violation of traffic and shipping security". (BBC News Web Page: 04/05/26, FARUK)

**MODI'S BJP CONQUERS BENGAL, ONE OF INDIA'S TOUGHEST POLITICAL FRONTIERS**

For years, India's West Bengal state was the great exception to Narendra Modi's political advance. His Bharatiya Janata Party (BJP) had swept through India's Hindi-speaking heartland, expanded into the west and north-east, and overwhelmed once-formidable regional rivals, Yet Bengal - argumentative and steeped in a self-image of cultural exceptionalism - remained stubbornly resistant. That made this state electron unusually consequential. With more than 100 million people, West Bengal's electorate is larger than Germany's, turning its election into something closer to a nation choosing a government than a routine Indian state poll. Monday's BJP victory there would rank among the most significant breakthroughs of Modi's 12-year reign. It is not merely the defeat of a three-term incumbent, but the completion of the party's long march into eastern India. "Winning Bengal is a big victory for the BJP - a land of promise that has long eluded its grasp," says author and journalist Nilanjan Mukhopadhyay. (BBC News Web Page: 04/05/26, FARUK)

**NORTH KOREAN SIDE TO MAKE RARE TRIP TO SOUTH KOREA**

A team of North Korean footballers will make a rare visit to South Korea later this month. North Korean side Naegohyang will cross the border to play Suwon in the Asian Women's Champions League semi-final on 20 May. Pyongyang has sent a list of 27 players and 12 staff who will make the visit. South Korea's Unification Ministry has confirmed the trip, which will be the first time athletes from the north have crossed the border since 2018. North Korea sent athletes to South Korea for the Pyongchang Winter Olympics that year, as they formed a unified ice hockey team for the first time. The rare visit comes with South Korean President Lee Jae Myung seeking to improve strained ties with North Korea.
(BBC News Web Page: 04/05/26, FARUK)

**ISRAELI ATTACKS KILL DOZENS WITHIN DAYS IN LEBANON DESPITE CEASEFIRE**

Israeli strikes on southern Lebanon killed 20 people on Sunday, Lebanon's health ministry says - marking one of the deadliest few days there since a ceasefire began just over two weeks ago. It brings to 60 the number of those killed since Thursday, according to the ministry. Israel says it is targeting the armed Shia Islamist group Hezbollah. The Lebanese casualty figures do not distinguish between civilians and combatants. However, two of the dead and 14 of the injured are children. Israel says 17 of its soldiers have been killed during the same period and accuses Hezbollah of firing hundreds of rockets and drones. Both sides accuse the other of violations, and diplomatic efforts to halt the fighting have so far failed. (BBC News Web Page: 04/05/26, FARUK)

**NIGERIA PLANS TO REPATRIATE NATIONALS WILLING TO LEAVE SOUTH AFRICA AFTER ATTACKS**

Nigeria is planning to repatriate its nationals in South Africa willing to return home voluntarily, amid growing fears that recent attacks on foreigners there could escalate. Foreign Minister Bianca Odumegwu-Ojukwu said 130 applicants had already registered for the exercise, adding that the number was expected to rise. She expressed President Bola Tinubu's concern about the attacks in the southern African nation, and condemned the violence against foreign nationals and demonstrations characterized by "xenophobic rhetoric, hate speeches and incendiary anti-migrant statements". Nigeria has summoned South Africa's acting High Commissioner over the issue. (BBC News Web Page: 04/05/26, FARUK)

## :: THE END ::